Chowrongee 2020

উৎসব

19th Annual Magazine

The Bengali Association of Greater Sacramento, California

An Utsav App?

YES! And it' s coming soon!
It has

- Live Schedule and updates
- Easy-to-use Ticket System
- Announcements
- **AND MUCH MORE**!

Volunteer to be a BETA tester by sending an email to:
kidsonfilms@gmail.com

EXPECTED RELEASE:
JANUARY, 2021

DESIGNED AND DEVELOPED BY KIDSONX

UTSAV
Sacramento

সূচিপত্র / Contents

সম্পাদকীয় / Editorial	3
Utsav Literary Committee and Disclaimer	4
Utsav Committee Members	5
Message from the Utsav Boardroom	6
Utsav Accounts	7
Program Schedule	8
Community News	9
Utsav Award Winnners	12

আঁকিবুকি * Drawings

Schoolgirl	Evani Paul	14
Lord of The Rings	Suchitra Mukherjee	15
Collage	Suchitra Mukherjee	15
Double Bloom	Esha Banerjee	16
Painted Rocks	Shriya Banerjee	16
The Globe	Rishan Dey	17
Badaami	Ileena Saha	17
Dinosaur	Toushini Banga	18
Lego Characters	Aayan Banerjee	18
The Sunrise	Mia Das	19
Flapping Wings	Anaisha Mitra	19

পদ্য * Poems

করোনা ভাইরাস/ করোনার অভিযান	কৃষ্ণা দেব	21
ইমন / ঐকতান	তপতী রায়	22
অবসর / দূর / চক্র	তন্দ্রা ব্যানার্জী	23
করোনা দুপুর	মানস রায়	24
বড় একা	বুলু খাটুয়া	24
অন্য শারদ	আরতি সেন	25
জীবন্মৃত	স্বপ্না কুমার	25
গ্রেটা গ্রেটা গ্রেটা / বিমুগ্ধ বিস্ময়	অরূপ চন্দ্র	26
পথ ডেকে গেছে বারে বারে	ড: সুশান্ত কুমার দে	26
Days of COVID-2020	Tanima Bhadra	27
“Mayhap…	Shampa Sarkar	27
Ghost Town	Nirvik Basuroy	28
The COVID Poem	Anaya Bhattacharyya	28
Ocean Life	Siddhartha Dey	29

প্রবন্ধ * Articles

জীবন স্মৃতি থেকে	তপতী সাহা	31
দেশপ্রেমিক / মাসিমা	শিখা ভদ্র	33

ধূমকেতু আবার	মঞ্জু রায়চৌধুরী	34
একটি মডার্ন গপ্পো	জয়া ব্যানার্জী	35
আবর্ত	আরতি সেন	37
চিন্তক শিক্ষক	জয়দীপ দাস	39
একটি সাক্ষাৎকার	মৈনাক বঙ্গ	41
"পুরনো পুজোর কথা"	পৌলোমী চ্যাটার্জী	43
নদীর পাড়ে বসত ...	শ্যামল চৌধুরী	44
ভজনের জন্য একটি প্রার্থনা সংগীত	মঞ্জু রায়চৌধুরী	46
চিরকুট	জয়তী সেন	47
International Conspiracy	Tanima Bhadra	50
Chasing the Night Sky	Sandipan Samaddar	53
Marvelous Marvel: A Golden Heart with a Golden Voice	Subhra Gima	55
A Dog's Life (In Quarantine)	Anaya Bhattacharyya	57
COVID-19 Remedies – How and When?	Somen Nandi	58
COVID-19: Viewpoint of a Physician-Scientist	Anupam Mitra	60
Plagued by the Virus: COVID-19 Changed Our Lives Forever in 2020	Supriya Mukherjee	66
What is Life Like Now?	Sudhit Ganguly	69
The War That Shaped Our World (World War I)	Suhaan Devavarapu	70
The Meaning of Life: Swami Vivekananda's Solution to a Postmodern Problem	Swami Ishadhyanananda	72

ভ্রমণ * Travel

My Long Road Trip	Mahika Adishree Chowdhury	78
33G Notebook: New Zealand	Biswanath Mukherjee	81
Following My Father's Footsteps!	Shyamal Roy	87

বিবিধ * Miscellaneous

এক ঝুড়ি প্যালিনড্রোম	মিথুন চক্রবর্তী	90
A Collection of Quotable Quotes	Barin Kumar	92
চিঠিপত্র	সম্পাদক	94
Brief History of Utsav		95
Obituary – Paris Ann-Powell Chakroborty		97
Obituary – Samrat Majumdar		98
Obituary – Mr. K. B. D. Sharma		99
Obituary – Dr. Arun Sen		100
Obituary – Marvel Gima		101
Utsav Membership Roster		102

সম্পাদকীয়

ভাবছিলাম করোনা নিয়ে লিখবো না, কিন্তু এ বছর আদ্যপ্রান্ত করোনা জর্জরিত। তাই তাকে বাদ দিয়ে এ বছরের কোনো আলোচনা বোধহয় সম্ভব নয়। বছরের প্রথম থেকেই দক্ষযজ্ঞ শুরু, এখনো আশার আলো দূর অস্ত। করোনার ভয়াবহতা, সংক্রমণ প্রবণতা, সম্ভাব্য প্রতিকার পদ্ধতি - কোনোটাই আমাদের জানতে বাকি নেই । এ নিয়ে আলোচনা অপ্রয়োজনীয়।

আমি ভাবছি অন্য কথা। করোনায় অনেক অবাঞ্ছিত প্রাণনাশ হয়েছে - এ কথা নিঃসন্দেহে সত্যি। কিন্তু করোনার অন্য একটা দিকও আছে, যা হয়তো চট করে নজরে পড়ে না । এহেন করোনার জন্য লকডাউনের সুবাদে সারা পৃথিবীতে দূষণ অনেক হ্রাস পেয়েছে, উত্তর মেরুর ওপর ওজন স্তরের স্বাস্থ্যোন্নতি হয়েছে, রাস্তায় দুর্ঘটনার পরিমান অনেক কমেছে, কল কারখানা কিছু সময় বন্ধ থাকার ফলে নদী-নালার জলে দূষণের মাত্রা নিম্নগামী হয়েছে, আমাদের শ্বাসপ্রশ্বাসের বাতাস পরিশুদ্ধ হয়েছে ।করোনার সুবাদে সাধারণ মানুষের পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্য সচেতনতা কিছুটা হলেও বৃদ্ধি পেয়েছে। ভেবে দেখুন তো, হাত পরিষ্কার করে যে কোনো কাজ করা আমাদের ক'জনের অভ্যেসে ছিল?

করোনা আমাদের অনেক কিছু শিখিয়ে গেলো, দেখিয়ে গেলো। সামাজিক জমায়েত ছাড়াও বাঁচা যায়, ভ্রমণ ছাড়াও থাকা যায়, নিজের ঘরে বসেও নিজের মনোরঞ্জন করা যায়, বন্ধুবান্ধবদের সাথে কয়েক মাস না দেখা করেও কাটানো যায়। পরিপ্রেক্ষিতে, করোনা অবকাশ প্রত্যেককে নিজের পরিজনদের আরো কাছ থেকে অনুধাবন করার সময় করে দিলো - যে সময়টার জন্য ইচ্ছে থাকলেও আপনি উপায় করে উঠতে পারছিলেন না। পেশার পাশাপাশি আমাদের ব্যক্তিগত নেশার জন্য সময়ও করোনা জুগিয়ে দিলো। অনেকে নিজেদের সেই প্রতিভা গুলো আবিষ্কার করলো যা তাদের কল্পনাতীত ছিল।

কথায় বলে – *" ঢিল ছুঁড়লে পাটকেলটি খেতে হয়"* । পৃথিবীতে দূষণের পরিমান যে হারে বাড়ছিল তাতে লাগাম দেওয়া মানুষের পক্ষে সম্ভব ছিল না। তাই প্রকৃতি নিজেই হস্তক্ষেপ করতে বাধ্য হয়েছে। করোনা তো শুধু নিমিত্ত মাত্র। করোনা না হলে অন্য কিছু হতো।

আশা করছি এই বিপর্যয়ের খুব শীঘ্রই সমাধান হবে, আগের মতন স্বাভাবিক জীবনযাপনের ধারা ফিরে আসবে, গৃহবন্দী দশার থেকে সবাই একটু মুক্তি পাবো, এবং সর্বোপরি কোরোনার প্রকোপ থেকে পাওয়া শিক্ষাগুলো আমরা ভবিষ্যতে মনে রাখবো।

চৌরঙ্গী ২০২০ কে বাস্তবায়িত এবং অলংকৃত করার জন্য যারা নিজেদের লেখা বা আঁকা পাঠিয়েছেন তাদের অসংখ্য ধন্যবাদ। তদুপরি সম্পাদক মন্ডলীর প্রত্যেকের সহযোগিতা এবং উৎসাহ এই পুজোসংখ্যাটি আপনাদের সামনে তুলে ধরতে অনুপ্রেরণা জুগিয়েছে। গৃহবন্দী এই দশায় চৌরঙ্গী স্বল্পক্ষণ আপনাদের বিনোদনের সাথী হতে পারলে আমাদের প্রচেষ্টা সার্থক। উৎসবের তরফ থেকে সকলকে শুভ শারদীয়ার প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে এখানেই কলম টানছি। সকলে ভালো থাকুন, সুস্থ থাকুন - এই কামনা করি।

নমস্কারান্তে -
মৈনাক বঙ্গ

Editorial

Initially, I was reluctant to write on COVID-19. But almost the entire 2020 has been so much about COVID-19 that any discussion without it is probably not feasible. The mayhem started right at the beginning of the year. There is still no light at the end of the tunnel. The COVID-19 menace and its details are probably known to everyone by now.

I was thinking more about the aspect of COVID-19's aftermath, which is likely to be less conspicuous in mundane life. It is true, COVID-19 has caused the loss of innumerable lives, but due to the restrictions on the human race, there is a drop in the overall pollution in the atmosphere, the ozone layer above the north pole has recovered greatly, the number of road accidents has reduced significantly, water bodies have had a chance to replenish their health since industrial debris has stopped polluting them temporarily, and we are inhaling cleaner air. The general cleanliness of the masses has improved. How many of us used to wash our hands every time we did something – *I mean, seriously*?

COVID-19 showed us a lot of ground realities of life – we can survive without social gatherings, we can live without traveling now and then, we can entertain ourselves at home as well. We got to spend more time with our family members – many priceless memories created in return. Many of us wanted a break for such family time but were unable to get it under normal circumstances. COVID-19 break gave us the opportunity to find innovative means of spending time – refreshing our hobbies and skills and for some, rediscovering themselves through things they felt they could never do.

As they say – "*Tit for tat*". Reducing the indiscriminate increase in the pollution level on earth was beyond the control of humans. So, nature had to intervene. COVID-19 is just a manifestation. Had it not been COVID-19, it would have been something else.

Hopefully, the hour of despair will be over soon. We will return to our regular schedule of daily life, and most importantly, we will remember to live in harmony with nature.

My heartfelt thanks to all the contributors of Chowrongee 2020; your contributions have added to the richness of our magazine. The relentless support and encouragement of the Literary Committee has enabled us to create this beautiful piece that you behold in front of you. If this magazine can provide you some small companionship in this hour of despair, our efforts would be deemed successful. On behalf of *Utsav* and the *Literary Committee*, we wish you all a Very Happy *Durga Pujo* 2020. We wish you stay safe and stay healthy. Au Revoir till next year!

With Best Compliments
Mainak Banga

Literary Committee

Anupam Mitra
Biswanath Mukherjee
Manas Ray
Rajat Saha
Rashmi Nandi
Somen Nandi
Tanima Bhadra
Mainak Banga (Editor)

Cover designed by **Santana Das**

Since 2008, Chowrongee is online and can be accessed at https://utsavsac.org/magazine/

Disclaimer

The views and opinions of authors in this magazine do not necessarily state or reflect those of Utsav, Inc. For writings published in this magazine, Utsav does not warrant or assume any legal liability and responsibility for accuracy, completeness and usefulness of any information disclosed and/or published. Information provided is accurate as of the date of going to press; Utsav or Chowrongee is not responsible for any errors or omissions. Opinions expressed are those of individual authors. Advertisers are solely responsible for the advertisements, not Chowrongee or Utsav. Utsav acknowledges and thanks online sources for providing many images used in the text.

Utsav Inc.
11230 Gold Express Drive
P.O. Box 310-412
Gold River, CA 95670
www.utsavsac.org

Chowrongee is published annually for Utsav members by Utsav, Inc., Sacramento, CA, USA
(www.utsavsac.org)
Printed at: J. Prassa Printers, 2313 C Street, Sacramento, CA 95816
Phone: (916) 446-7865; http://www.jpprinting.net

Postmaster: If undelivered, please return to Utsav Inc., 11230 Gold Express Drive, P.O. Box 310-412, Gold River, CA 95670.

Utsav Committee Members

Governing Body Members (GBM):
Joydeep Ray (President)
Soummya Mallick (Vice President)
Joya Banerjee (Cultural Secretary)
Subir Saha (Treasurer)
Subhra Chakraborty (Public Relations/Pujo Liaison)

Community Council Members (CCM) and Election Committee:
Adi Choudri
Biswanath Mukherjee
Sanjib Nayak

Literary Committee:
Mainak Banga (Editor)
Anupam Mitra
Biswanath Mukherjee
Manas Ray
Rajat Saha
Rashmi Nandi
Somen Nandi
Tanima Bhadra

Cultural Committee:
Joya Banerjee (Lead)
Ajay Joshi
Alodipa Datta
Manas Ray
Nupur Joshi
Pubasha Das Banga
Rajat Saha
Somen Nandi
Subhra Chakraborty
Suvra Mukherjee
Tanushree Ganguly
Udayan Chanda

Puja Committee:
Anima Kumar (Lead)
Mitra Choudri
Supriya Mukherjee
Paramita Bhattacharya
Rupa Chowdhury
Santana Das
Seema Chanda
Soma Nayak
Subhra Chakraborty

Registration Committee:
Prodosh Chakraborty (Lead)
Adi Choudri
Barin Kumar
Biswanath Mukherjee
Manas Ray
Subhra Gima

Website Committee:
Siddharth (Neil) Ray (Lead)
Joydeep Ray
Sudhit Ganguly

Utsav Youth Group:
Rupa Chowdhury (Lead)
Sangita Biswas (Lead)
Dayita Biswas
Ena Nayak
Ronit Mukherjee
Sayak Datta
Sharod Nandi
Siddhartha Dey
Siddharth (Neil) Ray
Sudhit Ganguly
Veer Arjun Joshi

Food Committee:
Soummya Mallick (Lead)
Barun Bandyopadhyay
Joy Mukherjee
Mainak Banga
Pradosh Chakraborty
Sanjib Nayak
Saumen Dey
Shomeek Paul
Shyamal Roy
Somnath Ganguly
Subir Sarkar

Welcome Committee
Mitra Choudri (Lead)
Sharmila Mallick – Roseville/Rocklin
Supriya Mukherjee – Davis/UC Davis
Lily Sarkar – Folsom
Joya Banerjee – Natomas/Sacramento
Sanchita Dey (Soma) – Elk Grove
Suvra Mukherjee – Gold River

Message from the Utsav Boardroom

Dear Utsav Families and Friends,

It is that familiar time of the year again, which we look forward to with great eagerness and anticipation! When maple leaves and pumpkin decorations appear on front porches, vagrant white clouds appear across the blue canvas above us this is when Utsav families usually get ready to celebrate their most significant event of the year – Durga Puja.

This year, however, is anything but usual. An unprecedented pandemic has plagued the world around us; forced us into a new normal. We have lost over one million of our fellow citizens across the world to this virus. Hundreds of millions have lost their livelihood due to the mammoth economic slowdown.

This is the time when we need to support each other; be steadfast in our faith that good will eventually prevail. This festive season is a great time to reinforce these beliefs, show camaraderie, and practice benefaction, all of which are typical of this celebration and are also the need of this hour.

The GBM cordially welcomes you to the **19th Durga Puja** organized by Utsav. As you all know by now, due to social distancing requirements and related restrictions, we have changed this year's celebration to be virtual.

We will surely miss the warmth and excitement of our usual weekend-long Durga Puja at the Community Center - the voice of the priest reverberating, the fresh-cooked meals, the lively on-stage performances. Despite all the restrictions, our volunteers have worked hard to ensure an enjoyable Durga Puja this year. Our members and external artists have participated in many cultural programs, to be webcast over four days. Our Puja Committee has made every effort to provide the feel of a real Puja. While the actual Puja will be live-streamed online, there will be a drive-through "Utsav's Station" at the local Sri Siddhi Vinayak Temple for Thakur-darshan, and to pick up bhog and prasad.

This festive season is also a good time to look back – to reminisce about our past events and efforts. Last year, in December we held Utsav's first Charity Concert and we were able to donate $1000 to St. John's Program for Real Change. Keeping with that tradition, this October we organized a virtual Concert to raise money for struggling musicians in India. Our heartfelt thanks to all the participants, sponsors, and donors.

Finally, from the Utsav Boardroom, we wish you a very happy, prosperous, and fun-filled Durga Puja; and we wish you "Shubho-bijoya" as well. We certainly hope that the situation will allow us to hold a normal Durga Puja next year, which will also be Utsav's 20th anniversary!

Joydeep Ray
President, Utsav 2019-20

Governing Body Members (GBM):

Joydeep Ray, President
Soummya Mallick, Vice President
Joya Banerjee, Cultural Secretary
Subir Saha, Treasurer
Subhra Chakraborty, Public Relations

Utsav Accounts (July 2019 – June 2020)*

		Individual Amount	Total
Balance Savings from 2018-2019 (Inc. $2115 from Savings)			
Revenues		$10,478	$10,478
Membership Fees (Durga Puja 2019)		$27,008	
Cash, Online & Ticket+Book Sales (Durga Puja 2019)		$2,405	
Saraswati Puja 2020		$60	
Holi 2020		$0	$29,473
	Total Revenue		$39,951
Expenses			
Utsav Website Renewal		$483	
Insurance for 2019-2020		$314	
Gold River Storage Rental Fee (2018 - 19)		$1,507	
Mail Box UPS (4/20 - 4/22)		$652	
RRF Payment		$25	
Donation to NABC		$150	
			$3,131
Durga Puja 2019			
Hall Rental (Orangevale Community Center)		$6,847	
Transport & Set Up		$400	
Magazine Printing		$853	
Pujo Proshad Expense (Sponsored by Member)		$0	
Priest Officiation & Travel Expenses		$201	
Food		$5,852	
Sound & Audio (DJ Sneh)		$2,500	
External Artist & Props (Natok)		$7,858	
Kitchen Help		$1,320	
STL		$285	
			$26,116
Saraswati Puja 2020			
Hall Rental (Fair Oaks Community Center)		$2,170	
Transport and Set Up		$250	
Priest Donations (Vedanta Society)		$200	
Food		$1,291	
Kitchen Help		$275	
Artist, DJ & Stage Rental		$650	
Pujo Prasad (Sponsored by Members)		$100	
Total Expenses			$4,936
Holi 2020 - Park Rental, Food & Clean Up			$0
Annual General Meeting-cum-Picnic 2020			$0
	Total Expenses		$34,183
** To be Audited*	**Net Balance 2019-2020**		$5,768

Program Schedule* for 19th Durga Puja, 2020

Thursday, October 22, 2020

Durga Ahovaan - Mahaloya	7:30 PM - 9:00 PM
Zoom Skit - Mukhosh Khulun	7:30 PM - 9:00 PM
Rag Charukesi Classical Instrument Recitation	7:30 PM - 9:00 PM

Friday, October 23, 2020

Pujor Gaaney Agomoni	7:30 PM - 9:00 PM
Jhonkaar - Utsav Local Artistes Variety Program	7:30 PM - 9:00 PM

Saturday, October 24, 2020

Durga Puja(Saptami to Dashami)	10:00 AM - 12:30 PM
Anjali	12:00 Noon
Thakur Darshan of Maa Durga and Prasad Pickup (at the Siddhi Vinayak Temple)	1:00 PM - 4:00 PM
Sur O Nupur (Medley of Songs and Dances)	7:00 PM - 9:30 PM
Jalsa – Classical Songs by Namistha (Guest Artist)	7:00 PM - 9:30 PM
Gaan Bajna by Bong Connection (Bay Area Artists)	7:00 PM - 9:30 PM

Sunday, October 25, 2020

Little Champs- Colorful variety program by Utsav kids and Local Little Celebrities	2:00 PM - 5:00 PM
Award Distribution	2:00 PM - 5:00 PM
Antyakshari for Adults	2:00 PM - 5:00 PM

**Subject to change*

Community News



Abhishek Roy *received his Ph.D. degree from the Department of Electrical and Computer Engineering with M.S. in Statistics at the University of California, Davis, in June 2020. His Ph.D. Dissertation is titled "On Online Nonconvex Nonstationary Optimization and Game Theory". He joined the Department of Statistics at UC Davis as a Postdoctoral Scholar in July, 2020.*

Paromita Dubey *graduated from the University of California, Davis, in June 2019 with a Ph.D. in Statistics. Her doctoral thesis was titled "Fréchet Analysis of Variance and Change Point Detection for Random Objects". She is currently a Stein Fellow in the Statistics Department at Stanford University. In June 2021, she will join as an Assistant Professor in the Department of Data Sciences and Operations, University of Southern California Marshall Business School.*

Ronit Mukherjee, *son of Suvra and Joy Mukherjee, is now an incoming Freshman at Penn State after graduating from Bella Vista High School. He got Scouted and Recruited for basketball, and will be playing the sport he loves in college.*

Rinita Mukherjee*, daughter of Suvra and Joy Mukherjee, graduated from the University of Nevada, Reno, in Business Management and is now working full time at IBM.*

Joy and Suvra Mukherjee *celebrated their 25th Anniversary of togetherness far from Sacramento in Cabo, Mexico.*

Ena Nayak, *daughter of Soma and Sanjib Nayak, graduated from St. Francis Catholic High School in Sacramento. She has started her 3+4 years integrated BS-MD program at the California Northstate University. We wish her all the success for her future endeavours.*

Sharod Nandi*, son of Rashmi and Somen Nandi, graduated from Inderkum High School (Natomas). He completed his high school diploma in International Baccalaureate (IB) program with Summa Cum Laude (Highest Honors) and has joined the University of California, Davis, with a goal for his undergraduate studies in Environmental Engineering in Fall 2020. Sharod is passionate about STEM, hands-on design architectures, various volunteering activities, and sports. He represented his high school on the Tennis team. We wish him all success for his undergraduate studies and beyond.*

Ayan Chowdhury*, son of Rupa and Arun Chowdhury, graduated from the University of California, Berkeley, in May 2020, with a major in Cognitive Science and a minor in Computer Science. Ayan is currently employed with Vanguard as a software developer.*

*In December of 2019, several Utsav members spearheaded a **fundraiser** to support various charitable organizations. A ticketed Musical Concert (**A Qawwali and Ghazal Night by Sukhawat Ali Khan and Ensemble**) was organized and supported by many Utsav members and friends. Sukhawat Ali Khan represents the family lineage of the 600-year-old Sham Chorasi traditional school of music, which was established during the reign of Emperor Akbar of India. His training in both classical raga and Sufi Qawwali singing began at the age of seven under his father, legendary Pakistani/Indian vocalist Ustad Salamat Ali Khan. Utsav wants to extend theirheratfelt thanks and recognize Pramila Kriplani who donated $1000 for the Qawaali program fundraiser. Utsav chose to support "**St. John's Program for Real Change**" and contributed all the proceeds (net of venue and artist) and donated an amount of $1000 for the same.*

*Pubasha Das and Mainak Banga were blessed with a baby girl, **Soumini**, in September 2020. Their elder daughter, Toushini, is super excited to get going with her little sister.*

Utsav Award Winners (2003-2019)

Utsav gratefully acknowledges the winners of Utsav Awards in past years!

Cultural Award
2003: Somen Nandi
2004: Shyamal Chattaraj
2005: Nabanita Sen
2006: Shashwati Roy
2007: Sharmila Mukherjee
2008: Marvel Gima
2009: Joydeep Roy
2010: Mala Paul
2011: Tuhina Ghosal and Sanjib Sarkar
2012: Ajay Joshi
2013: Bipasha Chowdhury and Rajat Saha
2014: Joydeep Ray and Snehungsu Guha
2015: Sanhita Bandyopadhyay
2016: Tanushree Ganguly
2017: Suvra Mukherjee
2018: Manas Ray
2019: Tanusree Ganguly

Literary (and Educational) Award
2003: Arijit Chatterjee
2004: Arun Das
2005: Dilip Roychowdhury
2006: Rashmi Nandi and Pat Chatterjee
2007: Santana Das
2008: Manas Ray
2009: Rashmi Nandi
2010: Manas Ray
2011: Tapati Bhowmik
2012: Prodyot Bhattacharya
2013: Avishek Nag
2014: Shimika Basuroy
2015: Manju Roychoudhury
2016: Barin Kumar
2017: Tapati Ray
2018: Najmus Saquib
2019: Nirvik Basuroy

Fundraising Award
2003: Udayan Chanda
2004: Deb Saha
2005: Anita Ghoshal
2006: Somen Nandi
2007: Deb Saha
2008: Anima Kumar
2009: Ajay Joshi
2010: Deb Saha
2011: Anima Kumar
2012: Deb Saha
2013: Joy Mukherjee
2014: Udayan Chanda
2016: Marvel Gima
2017: Sanjib Nayak
2018: Pradeep Devavarapu
2019: Shyamal Roy

Outstanding Volunteer Award
2003: Suvayu Bose
2004: Shashwati Roy and Mala Paul
2005: Santana Das
2006: Joy Mukherjee
2007: Seema Chanda
2008: Rupa Chowdhury and Koushik Das
2009: Subir Sarkar
2010: Anima Kumar and Rashmi Nandi
2011: Koushik Das and Arun Chowdhury
2012: Biswanath Mukherjee
2013: Mitra Choudri and Pulak Chowdhury
2014: Subir Sarkar
2015: Shomeek Paul
2016: Prodosh Chakraborty
2017: Sangita Biswas
2018: Adi Choudri
2019: Mainak Banga and Saumen Dey

Outstanding Youth Volunteer Award
(This award was initiated in 2004)
2004: Joey Chakraborty
2005: Mohana Roy
2006: Natasha Choudri
2007: Aninda Chowdhury
2008: Robby Chakraborty
2009: Arunav Sarkar
2010: Rudrani Ghosh
2011: Sunoy Nandi and Sharod Nandi
2012: Sunoy Nandi and Sharod Nandi
2013: Neel Chanda
2014: Avishek Umesh Jadhav
2015: Ayan Chowdhury
2018: Ena Nayak and Sayak Datta
2019: Siddharth (Neil) Ray

আঁকিবুকি

Drawings

"*Schoolgirl*" by ***Evani Paul (13 years)****, an 8th grader at Sutter Middle School, Folsom, CA.*



"Lord of the Rings" *and* ***"Collage"*** *by* ***Suchitra Mukherjee,*** *done when she was a 7th grader at Holmes Junior High School, Davis, CA.*



"Double Bloom" *by* ***Esha Banerjee (13 years),*** *an 8th grader at Winston Churchill School, Sacramento, CA.*

"Painted Rocks" *by* ***Shriya Banerjee (9 years),*** *a 4th grader at Westlake Charter School, Sacramento, CA.*

"The Globe" *by* ***Rishan Dey (6 years)****, a 1st grader at Star Academy, Sacramento, CA.*

"Dinosaur" *by* ***Toushini Banga (6 years),*** *a 1st grader at Russell Ranch Elementary School, Folsom, CA.*

"Badaami" *by* ***Ileena Saha (5 years),*** *a Kindergartener at Paso Verde School, Sacramento, CA.*



"Lego Characters" *by* ***Aayan Banerjee (7 years)****, a 2nd grader at Westlake Charter School, Sacramento, CA.*

"The Sunrise" *by* ***Mia Das (9 years)****, a 3rd grader at Empire Oaks Elementary School, Folsom, CA.*

*"****Flapping Wings****" by* ***Anaisha Mitra (Mishti, 2 years),*** *daughter of Ananya Datta-Mitra and Anupam Mitra.*

পদ্য

Poetry

করোনা ভাইরাস

দু'হাজার বিশ, দু'হাজার বিশ,
সারা বিশ্ব জুড়ে করোনার বিষ
ছড়ালো পবন বেগে।

বড় সুন্দর সোনার পৃথিবী,
তছনছ হল সে আনন্দ ছবি,
ব্যাধির কালিমা লেগে।

অনুবীক্ষণে যায় নাকো দেখা
অগোচরে রেখে পরিচয় রেখা
তুফানের মতো ধেয়ে চারিদিকে
তান্ডব চলে তার।

নাশ করে প্রাণ, প্রথমে উহান
পাড়ি দিল দ্রুত, বিলেত-ইরান
ইটালির মাটি, অতি পরিপাটি
গাড়ল মৃত্যু-বাসর।

এবারের হানা ভারতের পানে
শতক কোটির বসত সেখানে,
নিমেষে মরিবে পালে পালে লোক
মরণের মহাস্রোতে।

কত মহামারী সয়েছে মানব
কত না শতক ধরে,
এসেছিল বিষ জলের ধারায়
অথবা বাতাসে চড়ে।

করোনার সব নতুন রকম
সকলই সৃষ্টিছাড়া
সলিল, সমীর, পুরোনোপন্থা
চমকটাই যে গড়া।

নতুন বাহন সন্ধানে তাই,
এবার বাড়ালো হাত
সৃষ্টির সেরা সম্পদ নর
তা দিয়ে মেটাবে সাধ।

চির চলমান মানব পথিক
রয় না কোথাও স্থির
জলে, স্থলে আর বন, পর্বতে
ছুটে চলে অস্থির।

তার অবয়বে লুকিয়ে গোপনে
ভাইরাস চলে সাথে,
দেশ-দেশান্ত ঘুরে বেড়াবার
ভিসা পেয়ে গেছে হাতে।

এত সহজেই নিধন চায় না
দুনিয়ার ইনসান
দেশে দেশে তাই জারি ফরমান,
স্বঘরে নির্বাসন।

একুশ দিনের একক বাসের
জরুরী নিয়মজারি
জন-জনার্দন শপথ নিয়েছে
ঠেকাবই মহামারী।

পিতৃসত্য রাখেন শ্রীরাম
চোদ্দ বছরের বনবাসে ।
তিন সপ্তাহ এত কী কঠিন
থাকি যদি ঘরে বসে?

করোনা বিনাশ শেষে,
বিজয় কেতন উড়াবে মানুষ
অনন্ত উল্লাসে।।

করোনার অভিযান

ভয় পেও না, ভয় পেও না সবায় আমি মারব না।
উল্টে কলার, চমকে চাকু, ভয় দেখাবার এই বাহানা।

দু'পেয়ে গুলোর বাড় বেড়েছে, ধরাকে করছে সরা জ্ঞান,
আচ্ছা রকম টাইট দিতে, তাই করেছি এমন প্ল্যান।

বন কেটে সব করছে লোপাট বনের পশু যায় কোথায়?
নদীর স্রোত আটকে দিয়ে বাঁধ বেঁধেছে হেথায়-হোথায়।

সেখান থেকে বানিয়ে তড়িৎ গড়ছে হরেকরকম গ্যাজেট,
চালিয়ে এসি, দেখছে টিভি, জমায় ফ্রিজে খাবার প্যাকেট।

সুখে যাতে জীবন কাটে সে কারনে সব আয়োজন,
গ্রীন হাউসের এফেক্ট, দেখ উঠছে সোজা খাড়া লাইন।

তাপ বেড়ে যায় বছর বছর মেরু দেশের বরফ গলে,
সাগর জলে উথাল পাথাল সৃষ্টি ভাসে বানের জলে।

ভেপার ল্যাম্পের তীব্র আলোয়, রাত করেছি দিনের মতো,
প্রকৃতির সব নিয়ম কানুন পাল্টে দিচ্ছে ইচ্ছে মতো।

ভয় পেয়ে সব পাখি পালায় রাতের আঁধার হারিয়ে গেল,
ছোট্ট নীড়টি বাঁধবে কোথায় বন কেটে যে বসত হলো।

এতেও শান্তি হয়নি তাদের ফন্দি ঘোরে রন্ধ্রে রন্ধ্রে,
মহাবিশ্বের অন্য কোথাও মানব বাসের জায়গা আছে?

সেই সন্ধানে পাঠায় যান আজ মংগল, কালকে চাঁদে,
জল, তাপ আর বাতাস পেলে নতুন গ্রহে ঘরটি বাঁধে।

সে আশাতে ঢালব জল স্বার্থপরের খেল খতম,
করোনার এই ঘুর্ণি ঝড়ে হবেই তাদের মহাপতন।

দূষণহীন শ্যামল ধরা আবার গড়ে উঠবে ভাই,
গাইবে পাখি, ফুটবে ফুল, একতরফা শাসন নাই।।

কৃষ্ণা দেব, *অধ্যাপনায় নিযুক্ত ছিলেন।বর্তমানে অবসরপ্রাপ্ত এবং দিল্লিনিবাসী। ওনার লেখা ভ্রমণকাহিনী, ছোটগল্প, স্মৃতিচারণ বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে।উনি উৎসবের সদস্যা রশ্মি নন্দীর মা, সেই সূত্রে স্যাক্রামেন্টোতে এসে কিছু সময় কাটিয়েছেন ও উৎসবের সংগে পরিচিত হন।*

ইমন

পড়ন্ত বেলা
বলাকারা ফিরলো নীড়ে ঐকতানে
চাঁদের হাতে রাত কে দিয়ে
সূর্য গেল ঘুমের দেশে।

সে পরে রইলো একা
রাতের সাথে মোকাবিলা করতে
টল-টল জল বিন্দুর ছায়া ওর চোখে
কত না বলা কথা লুকিয়ে আছে সেই জলে
প্রদীপ জ্বেলে তারাদের জানালো আহ্বান
ধরল ইমন কল্যাণ সন্ধ্যারতির তরে।

ঐকতান

মেঘের অন্ধকার মুখ দেখে
বিবস্ত্র বৃষ্টি এলো ছুটে
পৃথিবীর বুকে

তৃষ্ণার্তা, নিল তাকে
সাদরে আকণ্ঠে
করলো পান

সাগর তুললো ঢেউ
নদী ধরল গান
পৃথিবীর ঐকতানে ।

তপতী রায়, *অবসরপ্রাপ্ত এনাস্থেসিওলজিস্ট, বাংলা ও ইংরেজি দুটি ভাষায় লেখালেখি করেন, নিউক্যাসল, ক্যালিফর্নিয়া নিবাসী।*

অবসর

চোখের পাতায় বৃষ্টি নামবে বলে
রোদের উঠোনে বসে আছি,
আঁচল বিছিয়ে রেখে মেঘের আশায়
আলোছায়ায় বুনে রেখেছি অবসর

সময়কে বলেছি, স্থির হয়ে বসো
অনেকদূরের পথ যাওয়া বাকি
এইটুকু অপেক্ষায় গাছের পাতার ঝিলিমিলি
তুলে নিয়ে হাতের মুঠোয় রেখে দিও

বেলা যায় অবেলায় বুকের শিরায় লাগে টান
যে কথা বলার ছিলো, যে কথা ভুলেও গেছি কবে
জলের ঢেউয়ের মতো দূরে সরে যায়
কে আমাকে বলে দেবে উজানের আরো কত দেরি ।

দূর

আলো জ্বলে কাছে দূরে
রাতপ্রহরীর চোখের মতো
একলা রাতে ঘুমিয়ে থাকা
হাওয়ায় ভাসে স্বপ্নগুলো

আবছা রাতে ভাঙা চাঁদের
ছুরির মতো তীক্ষ্ণ ফলা
আকাশ চিরে দুঃখ আনে
তারার বুটি পড়ছে খসে

অন্ধকারের পাপড়িগুলো
ডানা মেলে ফুটবে বলে
ভোরের আলো গুটিয়ে পাখা
থমকে আছে অনেক দূরে ।

চক্র

দোর খুলে দেখি আজ গভীর দুপুরে
অর্থহীন আলো
সময়ের শব নিয়ে ক্রান্তিকাল বসে আছে একা

পাথুরে মাটির নিচে জলের ঠিকানা
গোপন লুপ্তির দিকে চলেছে এগিয়ে
চেয়ে দ্যাখো, ওই পথ জন্মান্তরে গেছে

নিষাদ, আবার তুমি ধনু তুলে নাও,
লক্ষ্য স্থির করো
অমোঘ তোমার তীরে কালচক্র শেষ করে দাও ।

তন্দ্রা ব্যানার্জী, *পেশায় গ্রাফিক ডিজাইনার, যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ও ইংরেজি ভাষায় স্নাতকোত্তর উপাধি অর্জনকারী। দুটি ভাষায় লেখালেখি করেছেন অনেক লিটল ম্যাগাজিনে, ছবিও আঁকেন এবং প্রদর্শনী করেছেন।*



করোনা দুপুর

বন্ধ দোরে
কড়া নাড়ে
করোনা ভাইরাস,
অলস দুপুর
হাপায় কুকুর
শুনশান চারপাশ।

পুরনো চিঠি
খুলে দেখি
প্রথম প্রেমের সুবাস,
লেকের পাশে
সবুজ ঘাসে
হৃদয় জোড়া বাতাস।

সাদা কালো
ছবি গুলো
লুকিয়ে কোথায় ছিলি,
করোনা দুপুর
সময় প্রচুর
স্মৃতির সড়কে চলি।

সড়কে নেমে
ডাইনে বামে
নজর ইতি উতি
ফিরে গেলে
সেই বিকেলে
হয় কি কোন ক্ষতি।

অলীক বিকেল
কাটে তালমেল
কনে দেখা আলো,
সেই আলোকে
ভেজা তোমাকে
বেসেছিলাম ভালো।

মহামারী
পাতছে আড়ি
কাঁপছে সকল দেশ,
করোনা দুপুরে
স্মৃতির সফরে
কাটছে আমার বেশ ।

মানস রায়, *ফলসম নিবাসী, প্রকৌশলী, চৌরঙ্গীর প্রাক্তন সম্পাদক ও সাহিত্যসাধক।।*

বড় একা

দীর্ঘ চলার পথ শেষ হল।
জীবনে একসাথে চলা
মনের কথা বলা
হঠাৎ থেমে গেল।

মনে পড়ে সেই প্রথম দিনটির কথা
যখন প্রথম দেখা
আর চেনা অচেনার দোল লাগা
ভালো লাগার কথা
আজও কাল বৈশাখীর ঝড়ের মত
মনকে উড়িয়ে নিয়ে যায়।
মনে ব্যথা লাগে যখন ভাবি
বাকী জীবনের পথ চলাটা
আমি একা বড় একা।
শেষ হল মোর হাতে হাত রেখে
জীবনের একসাথে চলা
মনের কথা বলা
আজ আমি একা - বড় একা।

বুলু খাটুয়া, *কবি, সমাজসেবী ও ভ্রমণপিপাসু। ওনার স্বামী ড: শ্যামাপদ খাটুয়ার ২০২০ এ প্রয়ানে উনি মর্মাহত, তাঁর স্মৃতির উদ্দেশ্য এই কাব্য রচনা।*

অন্য শারদ

বোঝেনা অবুঝ মন
তবু তো বোঝালে।
ভয়াল ভ্রুকুটি হেনে
আমাকে ফেরালে?
তুমি তুমি তুমি বল
ঘন নীল কুয়াশায়
কিছু কি লুকালে?

কিছু কি লুকালে
এই অস্থির কালে
দ্বিধান্বিত বিশ্ব কাঁপে এই দোলাচলে।
এই শঙ্কা এই ত্রাস
নিজ গৃহে পরবাস
অতি লোভে অতিমারী
কেন এনে দিলে?

কেন এনে দিলে এই জলে-জঙ্গলে
ধূমায়িত ক্রোধবাষ্প
দিকচক্রবালে?
স্তব্ধ রাত রুদ্ধ দিন
কর্মহীন দিশাহীন
ভূমিপুত্র সারি সারি
দীর্ঘায়িত দলে।

তবু তো জীবন বয়
কি নিবিড় মায়াময়!
তবু তো অমৃত ওঠে
মন্থনের কালে।

ঝরুক শান্তিবারি
হিমায়িত প্রাণে
উঠুক তুমুল ঝড়
চিন্তা-চেতনে।
যুদ্ধ-দাঙ্গা-ভয় মুক্ত
অনাগত দিনে
ফিরুক ছন্দ-লয়
আগমনী গানে।

আরতি সেন, *রবীন্দ্রনগর, কলকাতা নিবাসী, অবসরপ্রাপ্ত শিক্ষিকা। উনি সমাজসেবা এবং সাহিত্যচর্চায় রুচি রাখেন। উনি পুবাশা দাসের মা।*

জীবন্মৃত

মা দুর্গতিনাশিনী পৃথিবীতে তোমার আগমনবার্তা
চারিদিকে ধ্বনিত হচ্ছে
শরতের মেঘের আনাগোনা, কাশফুলের দুলুনি, শিউলি ফুলের সুগন্ধ,
তোমার আসার কথা মনে করাচ্ছে।
পৃথিবীতে মানুষ যে এখনও 'করোনা' ভয়ে আতংকিত ও গৃহবন্দী
কিশোর - কিশোরী যাচ্ছে না শিক্ষালয়ে, তরুণ - তরুণী যাচ্ছে না
বিদ্যাভবনে,
যুবক-যুবতীরা যাচ্ছে না কর্মস্থলে, সকলেই ঘরে বসে কাজ সারছে
ইন্টারনেটে।
এই দমবন্ধ করা আবহাওয়ায় অভ্যস্ত হতে হয়েছে মানুষকে,
"মা" তুমি আসছো ধরাতলে, এখনও কি "মা" আমরা বন্দী থাকবো?
তোমার দশভূজায় দশখানি অস্ত্রে নিঃশেষিত করো করোনাকে
'মা' সারাবছর ধরে সংসার সুখে দুঃখে করি, পূজোর চারটে দিন
থাকবো বলে অনাবিল আনন্দে।
দুর্গতিনাশিনী 'মা' তুমিই পারো এই দুর্দশা থেকে মুক্ত করতে
জীবানুমুক্ত করো দেশকে, তোমার পূজোর সাথে সাথে
আমরা যেন ফিরে পাই পুরোনো পৃথিবীকে, পুরোনো জীবনকে,
পুরনো কর্মকে, পুরনো মানুষকে।
মুখে 'মাস্ক' পরে, হাত 'স্যানিটাইজারে' ধুয়ে যাব না পূজামন্ডপে
প্রতি বছরের মত শুদ্ধ মনে, নতুন বস্ত্রে নিজেকে রাঙিয়ে তোমার
চরণামৃত চাই খেতে।
শিশু, কিশোর, বৃদ্ধ সকলেই একই মন্ডপে পাশাপাশি থেকে যেন করতে
পারি প্রণাম তোমাকে।
বেঁচে থেকেও মৃতের ন্যায় জীবনযাপন থেকে মুক্তি চাই মা -
এ আকুতি আমার সমগ্র মনুষ্য সমাজের।

স্বপ্না কুমার, *উৎসব সদস্য বারীন কুমারের ভ্রাতৃবধূ॥*

গ্রেটা গ্রেটা গ্রেটা

'তোমাদের লজ্জা করে না' চেঁচিয়ে ওঠে গ্রেটা
লোভের বিরুদ্ধে তীব্র কষাঘাত -
ওরা শ্রমিককে করেছে হাড় জিরজিরে
মানুষকে আতঙ্কগ্রস্ত
উষ্ণতা দিয়ে পৃথিবীকে করেছে শূন্য
দূষণের নিবিড় কালো ছায়ায় ঢেকেছে পৃথিবী

ষোড়শী থুনবার্গ লেখাপড়া ছেড়ে
একা দাঁড়িয়ে থাকে খোঁয়াড়ের সামনে প্ল্যাকার্ড হাতে
'নির্লজ্জরা তোমরা আমাদের শৈশব নষ্ট করেছ'
দূষণ থেকে জন্ম হলো গভীরতম অসুখ করোনা
দশ হাজার দিন কাঁপছে পৃথিবী
এখন লুকোচ্ছ কেন হে রাজপুরুষেরা !

বিমুগ্ধ বিস্ময়

অপার সৌন্দর্য নিয়ে
দাঁড়িয়ে আছ ঝুল বারান্দায় মগ্ন বিন্যস্ত বিভোর
মুগ্ধতা নিয়ে চেয়ে দেখি সেই নীরব আহ্বান
সৃষ্টির দ্যোতনায় কাব্য উঠে আসে -

কীসব অবয়ব অবশ সম্মোহিত করে
মগ্ন চৈতন্যের নীরব হাহাকার
নিশ্চল নির্বাক ...
এ শুধু অন্তরের কথকতা –

অরূপ চন্দ্র, *বহরমপুর নিবাসী, কবি, প্রাবন্ধিক, চিত্রকলা ও ইতিহাস গবেষক, বহু সাহিত্য পুরস্কারে ভূষিত।*

পথ ডেকে গেছে বারে বারে

পথ ডেকে গেছে বারে বারে
সূর্যোদয়ের থেকে সূর্যাস্তের পারে
রাজপথটুকু দেখার হয়নি সময়,
দূস্তর মরুর হাতছানি এসেছে স্বপনে
সাগরের ঢেউ বেলায় পড়েছে এসে
নোনা জলের স্বাদ পেয়েছি ঠোঁটে
হঠাৎ দখিনা সমীরণে
পাতার আন্দোলনে
মরুদ্যানের জলোচ্ছাসে
তুষার ঝঞ্ঝার শুভ্র বরণে
সমুদ্র গর্জনের মত্ততায়
মন যেন ফিরে পেল
ঈশানের ঘ্রাণ,
প্রাণ উঠল নেচে
জীবন গেল বেঁচে
বুঝলাম এবার
গা ঝাড়া দিয়ে
উঠবার হয়েছে সময়।

ড: সুশান্ত কুমার দে, *অবসরপ্রাপ্ত পশুচিকিৎসক এবং সাহিত্য অনুরাগী।উনি উৎসব সদস্যা সংগীতা বিশ্বাসের কাকা।*

Days of Covid – 2020

April
I have worked from home before, but this time is different
The roads are quiet, the sky a clear blue
The migrating geese in the yard are new
As is the turtle that suns itself on a rock
Is it the recent rain?
Perhaps the fear that makes us cower,
Has emboldened nature to power
To face us, the bully, and say "Enough".

June
I have worked from home before, but this time is different
Bored faces look to be entertained
And lacking that, need to be fed
While the TV continues with 'gloomsday'.
I don't dislike the dear faces
Just that shuttered cafés and stores
And the gym now on the living room floor
Say: Your escape hatches are no more.

September
I have worked from home before, but this time is different
The numbers rise, and fall, and rise
Will they ever stabilize?
Hope too ebbs and flows.
Seventeen vaccines, surely one must work?
But now flames, and skies reflecting orange
Catastrophes – nature's revenge
Come November, is a new 'Orange' on the horizon?

**Kamala Harris is the first Indian American to be a contender for the office of Vice President. In Bangla, Kamala means orange.*

Tanima Bhadra *is a graduate of the Indian Institute of Technology, Kharagpur, and has spent most of her career in computer chip design. She is currently pursuing her interests in business and investments. She divides her time between Newcastle and Southern Oregon.*

"Mayhap…

Walking through dark tunnels, meandering endlessly
No light in sight
Is Hope with us, or back in Pandora's chest
Quivering in fright?

Did she sense what we sightless did not, as we craved for
endless power, wealth, and happiness?
That looming was the day where all that would remain was
doubt, pain, disease, and woeful darkness?

Where integrity, industry, tolerance, nay humanity, turns to naught
and disappears into the horizon
And anarchy, bigotry, and avarice rear their ugly heads, bent
on ending all that is human?

That Earth, beloved Mother her patience lost at last
by insolent murder of the human conscience,
Now strikes down to annihilate all that she brought forth
through fire, flood, COVID-19, and hurricanes?

Mayhap Hope sensed, hence sublimated into countless atoms, each nestling
into every tortured soul
Soothing, healing, inspiring, to rise in unison, reach out to seize the world,
take it out of that deep dark hole

Then tired, but her work done, will gather her strewn self and
go hover over Pandora's chest
watching with loving eagle eyes over all, till they need her again
But for now, she must rest."

Shampa Sarkar *is a graduate of R. G. Kar Medical College, Kolkata, India. She is a psychiatrist and moved to Northern California three years ago.*

Ghost Town

When times of happiness decay
The colors of joy fade away.
When the gloom melts the beauty
The sun cowers behind the valley.

Doom and gloom cover the sky
Predicting we'll all die.
Yet the sun acts shy
Since the mayhem won't fly by.

The streets are silent
Deprived of excitement.
People are lost in crossroads
Yearning for freedom from their abodes.

The clock hands repeat
And our loved ones are unable to meet.
Normality has broken down
Since we're dwelling in a ghost town.

Nirvik Basuroy (14 years), *is a freshman at Folsom High School, CA.*

The COVID Poem

It gives me a scare,
That there are people out there,
Who think that the restrictions,
Are just fiction.
But when it is detected
That they are infected,
And as they get sick,
It gives them a good "kick"!
And by the time they are hospitalized,
Friends and family have realized,
That it is best to stay at home,
Than go out and roam
If not, just do a simple task...
When you go outside, just wear a mask!

Anaya Bhattacharyya (10 years), *is a fifth grader in Rocklin Academy, CA.*



Ocean Life

Would you like to visit the ocean?
Or take a look at its motion?
Wanna take an amazing deep-sea journey for good?
Let's see what they eat for food!

Sharks eat fish, whales eat krill.
Fish are eaten by dolphins who are shrill.
Crustaceans do eat a lot.
Now let's see what communications they got!

Dolphins whistle, whales sing,
Sharks move their fins.
Crabs pinch, jellyfish are signaling
Now let's see where they are living!

Clownfish live in sea anemones,
Hermit crabs live in shells, you see.
Eels live in shallow waters.
Now let's see how colorful they'll be!

Blue tangs are blue, black, and yellow.
Yellow tangs are just a simple yellow.
Clownfish are orange and white.
Eels are black, not at all bright!

Oh, crustaceans are worth studying.
Their ways are very satisfying.
They are fun, colorful, and social too.
Venture out into the big blue!

Siddhartha Dey (12 years), *a 7th grader at Natomas Charter School, Sacramento, CA.*



প্রবন্ধ

Articles

তপতী সাহা

জীবন-স্মৃতি থেকে

এ নিবন্ধ যতটা না রবীন্দ্রনাথ ঠাকুরের 'জীবন-স্মৃতি' নিয়ে, তার থেকেও বেশী জীবন বোধের। তিনি প্রৌঢ়ত্বে পৌঁছে 'জীবন-স্মৃতি' বইটি লিখেছিলেন। স্বাভাবিক কারণে তাঁর খুব ছোটবেলার ঘটনাবলী না-ই মনে থাকতে পারে। সে কথা তিনি অকপটে স্বীকারও করে নিয়েছেন - "দাদাদের ও বড় ভাগিনেয়দের সাথে আমিও বাড়ির গুরুমশায়ের কাছে পড়তে যেতুম। ওটাই আমার মনে আছে। পরে আমার ভ্রান্তি দূর হয়েছে।" সবাই জানেন 'রবিজীবনী' কার। প্রশান্তকুমার পাল বহু পরিশ্রমে, গবেষণায় তথ্য-প্রমাণ সহ পাঠকের বিভ্রান্তি কাটাতে সক্ষম হয়েছেন। রবীন্দ্রনাথ ঠাকুর জন্মেছিলেন ১২৬৮ বঙ্গাব্দের ২৫শে বৈশাখ, সোমবার রাত ২টো ২৮ মিনিট ৩৭ সেকেন্ড (ইংরেজীর ৭ই মে ১৮৬১, মঙ্গলবার), কলকাতার জোড়াসাঁকোয় ঠাকুরবাড়িতে। তাঁর জীবন ছিল মাত্র আশিটি বছরের। আর তাঁর রচনা-সম্ভার প'ড়ে শেষ করতে বোধহয় ৮০ টা জন্ম লাগবে। কিন্তু তাঁর ছোট বেলা থেকে বেড়ে ওঠার সময়টুকু খুব অল্প সময়ে জেনে নিতে দোষ কি?

রবি ঠাকুর ছিল সবার ছোট। তার ছিল সাত দাদা ছয় দিদি। তাহলে কি সবার ছোট, সে খুব আদুরে ছিল? মোটেই তা নয়। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর প্রায়ই দেশ ভ্রমণে বেরিয়ে পড়তেন। আর মা সারদাসুন্দরী দেবী খালি অসুখে ভুগতেন। মা বাবা কাউকেই বেশী কাছে পেত না ঐ টকু ছেলে। তা বলে তার যে কোন খেলার সাথী ছিল না এ কথা বলা যায় না। রবির বড়দিদি সৌদামিনির ছিল এক ছেলে, দুই মেয়ে - সত্যপ্রসাদ, ইরাবতী ও ইন্দুমতী। ইরাবতী ছিল রবির সমবয়সী ও বন্ধু। কিন্তু তাহলে কি হবে 'ভৃত্যরাজকতন্ত্র' এ পরিচারক ঈশ্বর খড়ির গন্ডি কেটে রবিকে বসিয়ে রাখত, বাইরে বেরোতে দিত না। একদিন ইরাবতী রবিকে খুঁজতে খুঁজতে এসে দেখে গন্ডির মধ্যে রবি চুপটি করে বসে আছে। "ও মা, তুমি এখানে! আমি তোমায় সারা বাড়ি খুঁজে বেড়াচ্ছি!" অবাক হ'য়ে ইরাবতী বলে। রবির মুখ ভার। তাকে কেবলই আটকে রাখে। ইরাবতী রবিকে খেলতে নিয়ে যায় বাগানে। রবির মন বসে না। ইরাবতী যে রাজার বাড়ীর গল্প বলে সেখানে যেতে চায় সে। আরে রবি তো রাজার বাড়িরই ছেলে! ইরাবতী তাকে ঘুরিয়ে দেখায় কোন্ টা রাজমহল, কোন্ টা অন্দরমহল আর রাজবাড়ির সুন্দর সাজানো দেওড়িটা - যেখানে মস্ত বড় হাতি বাঁধা। রবি ভাবে এ তো আমাদেরই বাড়ি, রাজা তবে কে? তাঁকে তো সে কখনো দেখেনি!

ওদিকে সত্যপ্রসাদের স্কুলে যাবার সময় হ'লো। সে রবির চেয়ে তিন বছরের বড় কি না। সত্য সুযোগ পেলেই রবিকে ভয় দেখাত- 'এ-ই পুলিশম্যান, ইধার আও। রবিও ছুটতে ছুটতে এক্কেবারে দাইমা দিগম্বির কোলে লুকিয়ে পড়ত। বায়না ধরল সেও যাবে স্কুলে। তাহলে আর সত্য তাকে ভয় দেখাতে পারবে না। সে তো সত্যর মামা না কি? এর মধ্যেই সে বাড়ির পাঠশালায় গুরুমশাইয়ের কাছে 'শিশুশিক্ষা, বর্ণপরিচয় ১ম ভাগ' পড়ে ফেলেছে। যতই তাকে বোঝানো হচ্ছে তার এখনও স্কুলে যাবার বয়স হয়নি, ততই তার কান্না বেড়ে যায়। শেষে বিরক্ত হয়ে বাড়িতে পড়াতেন যে গুরুমশাই, ঠাস করে একটা চড় কষিয়ে দিলেন, বললেন - 'আজ এতো বায়না করছ, একদিন ইস্কুলে না যাবার জন্য এর থেকে ঢের বেশী কাঁদতে হবে।' এ কথা যে অক্ষরে-অক্ষরে ফলে যাবে তা সেদিন আর কে জানতো? কান্নার জোরে কিছুদিন পরই রবিকে ভর্তি করে দিতে হ'ল 'কলিকাতা ট্রেনিং এ্যাকাডেমি' স্কুলে। তখনও তার চার বছরও পূর্ণ হয়নি (শুক্রবার, ৭ এপ্রিল ১৮৬৫)। স্কুলটি ছিল ভয়ানক কড়া। পড়া না পারলে বেঞ্চের ওপর দাঁড় করিয়ে ক্লাসের অনেকগুলো স্লেট হাতের চাপিয়ে দেওয়া হত। পিঠে বেতও যে পড়ত না তা নয়। আর তার প্রতিবাদে নিজেদের বাড়ির বারান্দার রেলিংগুলোকে ছাত্র বানিয়ে রবি সপাং সপাং বেত মারত। কয়েক মাস যেতে না সেই স্কুল ছাড়িয়ে দিয়ে গভর্মেন্ট পাঠশালা বা 'নর্মাল স্কুলে' ভর্তি করানো হ'ল তাকে। ক্লাস শুরু হবার আগে একটি ইংরেজি কবিতা আবৃত্তি করতে হ'ত। ছাত্রদের উচ্চারণ কিন্তুতকিমাকার মনে হ'ত, রবির কছে শব্দগুলি এই রকম ছিল- 'কলোকি পুলোকি সিংগিল মেলালিং মেলালিং মেলালিং। আসলে 'নেলসনস্ ইন্ডিয়ান রীডার' এ মূল কবিতাটি ছিল -'Follow me with full of glee, singing merrily, merrily, merrily'। অত ছোট ছেলেরা কি বিদেশী ভাষায় ঐ শব্দগুলো স্পষ্ট করে বলতে পারে! ছোট বেলার এ রকম ক-ত স্মৃতি, ক-ত যে চিন্তা-ভাবনা রবির সাহিত্য সৃষ্টির উৎস ছিল তা বলে শেষ করা যাবে না। আর তার ৭ বছর ২ মাস বয়সে নতুনদাদা - জ্যোতিরীন্দ্রনাথের বিয়ে হ'ল কাদম্বরী দেবীর সঙ্গে। কাদম্বরীর বয়স তখন ৯। তিনিই রবিকে মাতৃস্নেহে - শাসনে-অনুশাসনে, আদরে যত্নে ভরিয়ে রেখেছিলেন। রবির সারা জীবনের অনুপ্রেরণা, তার সকল রচনা-খনির মণি - নতুন বৌঠান।

সাত আট বছর বয়স থেকে রবির পদ্য লেখা শুরু। দাইমা রামায়ণ মহাভারত সুর ক'রে পড়তেন। তাই শুনে শুনে সে 'পদ্যচ্ছন্দ' এ উৎসাহ বোধ করত। একটা ভুল ধারণা আছে 'জল পড়ে পাতা নড়ে' – রবির প্রথম কবিতা। আসলে এই বাক্যটি মূল বর্ণপরিচয়ের ১ম ভাগের তৃতীয় পাঠে ছিল। তার প্রথম পদ্য লেখা শুরু হয় পদ্মফুল নিয়ে। যদিও সেটা কি জানা যায়নি। যাই হোক বাড়িতে একাধিক গুরুমশাই পড়াতে আসতেন, চলত নানা বিষয় নিয়ে পড়াশোনা - সাহিত্য, বিজ্ঞান, অস্থিবিদ্যা, জিমনাস্টিক এবং কাব্য-চর্চাও। এখানে রবির পরিবারের শিক্ষার কথা না বললেই নয়। রবির ন' বছর বয়সে তাকে লাঠিখেলা শেখাবার জন্য একজনকে আনা হ'ল। গুরুকে পায়ে হাত দিয়ে প্রণাম করার প্রথা। গুরু ছিলেন জাতে মুচি। এদিকে শিষ্য ব্রাহ্মণ। কিন্তু পিতা দেবেন্দ্রনাথ রবিকে গুরুর পায়ে হাত দিয়ে প্রণাম করতে বললেন। গুরু গুরুই হয় তার কোন জাত ধর্ম বয়সের হিসেব হয় না।

নর্মাল স্কুলের হরনাথ পন্ডিত ছাত্রদের সাথে খুবই দুর্ব্যবহার করতেন। রবি তাঁর ক্লাসে লাস্ট বেঞ্চে বসত। পড়া শুনত না এবং তাঁর কোন প্রশ্নের উত্তরও দিত না। পরের বছর পন্ডিত মধুসূদন বাচস্পতির কাছে বাংলার বাৎসরিক পরীক্ষায় রবি সবার থেকে বেশী নম্বর পেল। হরনাথ পন্ডিত প্রচন্ড রেগে গেলেন। মধুসূদন পন্ডিতের নামে পক্ষপাতিত্বের অভিযোগ করলেন। রবিকে আবার পরীক্ষা দিতে হ'ল স্বয়ং স্কুলের সুপারিন্টেন্ডের সামনে বসে। এবারও সে সর্বোচ্চ নম্বর পেলো। স্কুলের সব শিক্ষকই যে রাগী ছিলেন তা কিন্তু নয়। 'প্রাণীবৃত্তান্ত' পড়াতেন সাতকড়ি দত্ত। তিনি রবিকে কবিতা লিখতে উৎসাহ দিতেন। নিজে দু' লাইন কবিতা লিখে- 'রবিকরে জ্বালাতন আছিল সবাই, / বরষা ভরসা দিল আর ভয় নাই। , বললেন এর সাথে আর দুটি লাইন মিলিয়ে লিখে আনতে। রবিও লিখল, 'মীনগণ হীন হয়ে ছিল সরোবরে, / এখন তাহারা সুখে জল-ক্রীড়া করে। এই সময়েই রবি নিজেই লিখে ফেললেন - 'আমসত্ব দুধে ফেলি তাহাতে কদলী দলি, / সন্দেশ মাখিয়া দিয়া তাতে / হাপুস হুপুস শব্দ, চারিদিক নিস্তব্ধ, / পিঁপিড়া কাঁদিয়া যায় পাতে। দেখতে দেখতে নর্মাল স্কুলে রবির প্রায় ছ' বছর কেটে গেল। এই স্কুল ছাড়িয়ে ১৮৭২ এর মার্চ মাসে তাকে

ভর্তি করা হ'ল বেঙ্গল অ্যাকাডেমি স্কুলে। এই বছরেই ডেঙ্গুজ্বরের প্রকোপে সারা কলকাতার মানুষ আতঙ্কে অস্থির হয়ে পড়ল। রবির স্কুলে যাওয়াও বন্ধ হ'ল। কিন্তু বাড়িতে গুরু বিষ্ণুচন্দ্র চক্রবর্তীর কাছে রবির সঙ্গীত-শিক্ষা নিয়মিত চলতে লাগল।

রবির বারো বছর পূর্ণ হতে তিন মাস বাকী। ৬ই ফেব্রুয়ারী, ১৮৭৩ (২৫ মাঘ) সবচেয়ে ছোট দাদা সোমেন্দ্রনাথ, ভাগ্নে সত্যপ্রসাদ ও রবির উপনয়ন হ'ল। আচার্য আনন্দচন্দ্র বেদান্তবাগীশ যজ্ঞোপবীত পরিয়ে ও গায়ত্রী মন্ত্রে দীক্ষা দিলেন। আর পিতা দেবেন্দ্রনাথ গায়ত্রীমন্ত্রের অর্থ বুঝিয়ে দিলেন - পৈতে হবার পর প্রতিদিন সূর্য ওঠার সঙ্গে সঙ্গে হাত মুখ ধুয়ে শুদ্ধ হয়ে সূর্য প্রণাম ও গায়ত্রী মন্ত্র জপ করা অবশ্য কর্তব্য। উপনয়নের ক'দিন বাদে দেবেন্দ্রনাথ রবিকে ডেকে পাঠালেন, জিগ্যেস করলেন - "নেড়া মাথায় কি ইস্কুলে যাবে?" রবি তার বাবাশাইয়ের সামনে মাথা নীচু করে দাঁড়িয়ে রইল। তিনি বললেন যে এবারে তিনি হিমালয়ে বেড়াতে যাবেন। তার আগে বোলপুর যাবেন। সেখানে দুদিন থেকে হিমালয় যাত্রা করবেন। রবি কি যাবে? রবির আনন্দ আর ধরে না। এই প্রথম রবি বেড়াতে যাবে। তাও আবার বাবামশাইয়ের সাথে! মহর্ষি দেবেন্দ্রনাথ বরাবর তাঁর সন্তানদের খুব সাধারণ জীবন যাপনে অভ্যস্ত হ'তে শিখিয়েছিলেন। আর বাড়িতেই রেখেছিলেন উচ্চমানের শিক্ষা-ব্যবস্থা। বাড়ির ছোটদের বছরভর বরাদ্দ ছিল নেয়ামত খলিফার তৈরি সাদাসিধে সাদা জামা। তাতে না থাকতো কোন পকেট না থাকতো কোন ডিজাইন। এবারে রবির জন্য বানানো হ'ল মখমলের টুপি, কারুকাজ করা কামিজ। প'রে রবিকে একদম রাজপুত্তুরের মত লাগছে। ইরাবতীর রাজার কথা মনে পড়ে গেল রবির - এই কি তবে রাজার পোষাক!

বাবামশাই রবিকে একটি সোনার ঘড়ি হাতে দিয়ে বললেন, "সাবেক কালের ঘড়ি, যত্ন করে দম দিও।' রবি এলো বোলপুরে। রোদের আলোয় ঝলমলে সারি সারি সোনাঝুরি গাছ আর খোয়াইয়ের সুন্দর জলের ধারা দেখে রবি খুশীতে আত্মহারা। বাবামশাই পরদিন জিগ্যেস করলেন- "রবি ঘড়িতে দম দিয়েছ?" "আজ্ঞে, রোজ যত্ন করে দম দিই, কিন্তু ঘড়িটাতে আর দম দেওয়া যাচ্ছে না ।' ব'লে রবি মাথা নীচু করে রইল। বাবামশাই একটুও রাগ করলেন না। তিনি ছোট ছেলের মধ্যে দায়িত্ব বোধ দেখতে চেয়েছিলেন। শুধু মজা করে বললেন যে যত্নটা কিঞ্চিৎ বেশী হয়ে গেছে। ঘড়িটা তিনি মেরামতের জন্য কলকাতায় পাঠিয়ে দেবেন। পরের দিন হিমালয় যাত্রা করলেন।

পাহাড়ে এসে রবি খুব খুশী। চারদিকে জ্যোৎস্নার আলো উপছে পড়ছে। বাবামশাই বসে আছেন বারান্দায়। রবিকে গান গাইতে বললেন। তার সঙ্গীত-চর্চা কেমন চলছে তা পরখ করবেন। "তুমি বিনা কে প্রভু সংকট নিবারে / কে সহায় ভব-অন্ধকারে।' রবির গলায় ব্রহ্ম সঙ্গীতের সুর প্রতিধ্বনিত হ'তে লাগল আকাশে, বাতাসে, পাহাড়ে...। মুগ্ধ হ'য়ে শুনলেন মহর্ষি। পরদিন ভোর হতে না হতেই রবিকে ডেকে তুললেন বাবামশাই - "রবি ওঠো, ওঠো - একটু বাদেই সূর্য উঠবে। হিমালয়ে সূর্যোদয়! এমনটি আর কোথাও দেখতে পাবে না রবি। প্রণাম কর রবি , মন্ত্র বলো - ওঁ জবাকুসুম শংকাসং...। পাহাড়ের চূড়োয় ঠিকরে পড়ছে আলো। অপূর্ব ! চলো বেরিয়ে পড়ি। পাহাড়ে ঘুরে বেড়াবার মজাই আলাদা।' প্রকৃতির শোভা দেখতে দেখতে চলেছে রবি - আঃ কী চমৎকার পাইন গাছের সারি, ঝরণার ধারা আবার কোথাও বা মনে হচ্ছে যেন সবুজ গালচে পাতা। রবি দুচোখ ভরে দেখছে। হঠাৎ তার মনে হ'ল বাবামশাই তো পাশে নেই। কই তাঁকে তো দেখা যাচ্ছে না! সে কি তবে হারিয়ে গেল? রবি চিৎকার করে উঠল - বা-বা-ম-শা-ই... আমি পথ খুঁজে পা-চ্ছি না...। তার ডাক কেবলই পাহাড়ে ধাক্কা খেয়ে খেয়ে ফিরে এলো। বাবামশাই যেন বলছেন-" চে-ষ্টা ক-রে দে-খো ঠি-ক প-থ খুঁ – জে পাবে।'

এমনি করেই রবির বেড়ে ওঠা । কালক্রমে মস্ত বড় কবি হলেন। ভুবন-জুড়ে তাঁর খ্যাতি হ'ল । তিনি আমাদের সবার বড় আপন - রবীন্দ্রনাথ ঠাকুর।

তপতী সাহা, *যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী, অধুনা যাদবপুর প্রাংগনে অবস্থিত জাতীয় শিক্ষা পরিষদে কর্মরত।ভ্রমণকাহিনী, ছোটগল্প, নাটক, নিবন্ধ ও ছোটদের জন্য অনুবাদ রচনা করেন।*



মাসিমা

কাল দাদার থেকে খবর পেলাম সজল আর নেই। সজল আর রানু আমাদের পাশের বাড়িতে থাকতো – আমার ছেলেবেলার খেলার সঙ্গী ছিল। আমার বয়েস লেট সেভেন্টিজ, তাই অনেক ছোটবেলার সাথী আর এই পৃথিবীতে নেই। সজলের সাথে বাংলাদেশ ছাড়ার পর আর দেখা হয়নি – তাও মনটা খারাপ। সজল আর রানুর বিষয়ে ভাবতেই, মাসিমার কথা মনে পড়ে গেলো। কি ভয় পেতাম উনাকে। উনি অবশ্য আমাকে, দাদাকে খুবই স্নেহ করতেন। উনার গলার আওয়াজ বেশ উঁচু, তার উপরে বিরাট পার্সোনালিটি। খুব দাপট ছিল মাসিমার !

আমাদের ছোট শহরে তখন বিজলী আসে নি। রাতে হ্যারিকেন জ্বালিয়ে কাজ করে সকলেই। নয়টার পর তো শতকরা একশো ভাগ অন্ধকার। অন্ধকারের সুযোগ নিয়ে, রাতের গভীরে, সজলদের বাড়িতে চোর ঢুকলো। রানুর মামার ছেলে, বিষ্ণুর, বিয়ে হবে ওদের বাড়ি থেকে। বিয়ে বাড়িতে সোনা, গয়না থাকবেই – এই খবর পেয়ে চোর বাড়িতে ঢুকে ছিল। ঘরের বাইরের থেকে সিধ কেটে, শোয়ার ঘরে প্রবেশ করেছিল চোর। চোরের ভাগ্য খারাপ, মেসোমশাই জেগে ছিলেন। উনি উঁচু গলায় "চোর চোর" চিৎকার করতে শুরু করলেন। আমাদের বাড়িতে দাদা ও বাবা জাগা। তারা লাঠি নিয়ে বাড়ি থেকে ছুটে বেরোলেন। আশে পাশের অন্য অন্য বাড়ির ছেলে, পুরুষ মানুষ ও বেরোলেন। রাতের অন্ধকারে চোর কে আর খুঁজে পাওয়া গেলো না - সে পালিয়ে গেছে এটাই ধরে নেওয়া হলো।

হঠাৎ, মাসিমার গলার আওয়াজ ভেসে এলো – "ধরেছি, ধরেছি, চোর ধরেছি।' সবাই আবার ছুটলো সজলদের বাড়ির দিকে। আর একটি গলাও শোনা গেলো – "আমি চোর না, আমি চোর না - পিসিমা এটা আমি।" আর তার পর মাসিমার উত্তেজিত আওয়াজ - "এই নিঃবংশ্যা, আমি আবার কবে তোর পিসিমা হলাম ?"

হ্যারিকেনের টিম-টিমে আলোয় সবাই দেখলো মাসিমা ভাইপো বিষ্ণুকে আঁকড়ে ধরে দাঁড়িয়ে আছেন আর বিষ্ণু থর-থর করে কাঁপছে। ওর ভয়, পাড়ার সবাই যদি একটা করে দিয়ে যায় তাহলে তো অনেক মার খাবে সে। বিষ্ণুর গায়ের রং খুবই কালো – চোখের সাদা গুলো বাদ দিলে অন্ধকারে ওকে দেখাই যায় না। তাই মাসিমাকে আর ভুল পরিচয়ের দায়ে দোষ দেওয়া হলো না।

দেশপ্রেমিক

তখন ব্রিটিশ শাসন – স্বাধীনতার কয়েক বছর আগের কথা। অখণ্ড বাংলা। শহর জুড়ে প্রায় প্রতি দিন রাস্তায় যুবক যুবতীদের দল বেরোয় – মুখে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে স্লোগান। আমার দিদি স্কুলে লাঠি খেলা শেখে, দাদা পাড়ায় কংগ্রেসের ভলান্টিয়ার। আমি ছোট্ট তাই কিছু করি না – দাদা-দিদির কাছে কেবল গল্প শুনি। এক দিন ঘোষণা করা হয় যে এক নামি ফ্রিডম ফাইটার আসছেন আমাদের শহরে। ভাষণ দেবেন এবং ডোনেশন ও চাইবেন।

ফ্রিডম ফাইটারকে শ্রদ্ধা জানাতে আমাদের পাড়ার মহিলা, পুরুষ, ছেলে এবং মেয়েরা এক বিরাট দল বেঁধে স্টেশন পৌঁছোলো। আমিও মার সাথে তাদের মধ্যে শামিল। লোকের ভীড় স্টেশনে – ট্রেনের জন্য অপেক্ষা। কিছু কংগ্রেসের যুবক হাতে ফুলের মালা নিয়ে দাঁড়িয়ে, নেতা কে পরাবে। নির্দিষ্ট সময়ে ট্রেন প্রবেশ করলো স্টেশনে, আর নেতা ও প্লাটফর্মে নামলেন। কিছু লোক উনার পায়ে প্রণাম করে, কিছু উনার গলায় মালা পরায়।

আমাদের পাড়ার একটি ছেলে হঠাৎ বলে উঠলো "ওটা পরেশ কাকা না?" ঠিকই তো, আমাদের পাড়ার পরেশ কাকাও ট্রেন থেকে নেমেছেন। উনার কোমরে দড়ি বাঁধা, দড়ির শেষের অংশ টা একটি পুলিশের হাতে। পাড়ায় কয়েক দিন ধরে কানাঘুসোতে শোনা গেছে পরেশ কাকা নাকি জেলে। উনি নাকি অনেক লোকের থেকে টাকা নিয়ে কলকাতা গেছেন, ব্যাঙ্ক খুলবেন। সব ব্যাঙ্ক তখন প্রাইভেট। লোকেরা তাদের টাকা ফেরত চাইতে, পরেশ কাকা আজ দেবো, কাল দিচ্ছি বলে তাদের বিদায় করেন। শেষে কিছু লোক উনার নামে ব্রিটিশ সরকার কে নালিশ জানায়। তাই আজ উনাকে গ্রেফতার করে নিজের শহরের জেলে পুলিশ নিয়ে এসেছে।

পরেশ কাকা প্লাটফর্মে এত চেনা মানুষ দেখে অপ্রস্তুত - খুব লজ্জিত। ভাগ্য কে দোষ দিলেন - এই নেতা কে আজই আসতে হয়েছিল? তবে উনার উপস্থিত বুদ্ধি খুব তীব্র – ডান হাত উপরে তুলে চেঁচিয়ে বলেন "বলো ভাই বন্দে মাতরম।" তাই শুনে প্লাটফর্মের অনেক আওয়াজ বলে ওঠে – "বন্দে মাতরম।" ব্যস পরিস্থিতি নিয়ন্ত্রণে। এক স্লোগানে পরেশ কাকা নিজের পরিচয় পরিবর্তন করে নিলেন, উনি বিদ্রোহী হয়ে গেলেন। লোকে বলাবলি করলো "আহা রে, আর একটি দেশপ্রেমিক কে ব্রিটিশ সরকার এরেস্ট করলো।"

শিখা ভদ্র, *গত তিন বছর ক্যালিফর্নিয়া তে আছেন ।উনার একাডেমিক ডিগ্রীর সাথে আর একটি বিশেষ ডিগ্রী আছে, MOTT - মাদার অফ তনিমা এন্ড তন্ময় ।*

ধূমকেতু আবার

আমরা ছেলেবেলায় খুব ব্যবহার করতাম কথাটা সেটা হলো ধূমকেতু। হঠাৎ কাউকে দেখলে "এ কি রে ভাই, এ যে ধূমকেতুর উদয়"! আমার ভারতবর্ষে বেহারে জন্ম, পরে অধুনা বারাণসীতে লেখাপড়া।তারও পরে বিয়ে হয়ে কলকাতা যা আমার সবচেয়ে প্রিয় জায়গা। এরপর আমার মেয়েরা দু'জনে সপরিবার মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছে বলে প্রায়ই যাওয়া আসা ছিল। দুর্ভাগ্যক্রমে আমি পড়ে গিয়ে মাথায় চোট পেলাম। হাঁটু এবং আরও কতগুলো হাড় ভেঙ্গে যাকে বলে অক্ষম হয়ে গেলাম। এখানে বেশ কিছুদিন হাসপাতালে থাকার পর মাথা এবং অন্যান্য ভাঙাচোরা অঙ্গ সব জোড়া লাগলে আমি আবার হাঁটলাম। ধন্য এদেশের চিকিৎসা। গল্প দীর্ঘ করবো না, শুধু এইটুকু বলি যে এই হাঁটাটাই একটি ওয়াকার এর সাহায্য লাগে। স্থায়ী বসবাস করার জন্য টুরিস্ট ভিসা রইলো না। আমাকে নাগরিকত্ব নিতে হলো। ইতিমধ্যে আমার মেয়েরা তাদের বাবাকে হারিয়েছে। নাতি-নাতনিদের কাছে আমি সমাদৃত, সকলেরই পড়াশোনা শেষ। এদিকে বড় নাতির দুটি ছেলে হয়ে আরো সিনিয়র হয়েছি। আমার পুরোনো স্মৃতি থেকে গল্প, বিশেষতঃ আমার বাবার, ওরা খুব আদর করে শোনে। এখন করোনা নামক ভয়ানক অসুখ এদিকে সবকিছু বন্ধ করেছে। সবাই অফিস করছে বাড়ি থেকে। বাচ্চারা স্কুল করছে বাড়ি থেকে। যে নতুন কলেজে যাবে তার উৎসাহ কোথায় ? এর মধ্যে হঠাৎ কেমন চঞ্চলতা লাগল। ২/৩ দিন পর পর ওরা ধূমকেতু দেখতে রাত্রি ৮টার সময় ৫০ মাইল গাড়ি করে গেলো। আমার দ্বারা হবে না, যাবার চেষ্টাও করি নি।আমার নাতনি ক্যামেরায় যে ছবি এনেছে সেটা দেখে চক্ষুস্থির!

Neowisec/2020/F3 (Stands for New Earth Object Widefield)

- Infrared survey, Explorer
- Found March 27, 2020
- Orbit period 6,766 years
- From oort cloud as theorized by NASA appear big dipper constellation.
- Icy space rock 190m miles away from the Sun, 160m miles away from earth.
- Comet is 3 miles wide.
- Tail – sodium ion, length 10million miles
- Speed 144,000 milies per hour (MPH)

এই হলো এ শতাব্দীর সেরা খবর।একটু খোঁজখবর দেখে ইংরাজী শব্দ বসিয়ে তাই আপনাদের সজাগ করলাম। এর পর সৌরমণ্ডলে ঘুরপাক খাওয়া, তার গতি, কত লাইট ইয়ার লাগে হিসাব কষতে মাথা ঝিম-ঝিম। খুব মনোগ্রাহী ব্যাপার যাই বলো। এই ৬,৭৬৬ বৎসর ঘুরে আসছে, তারপর এই স্পীডে, যা না কি ১৪৪,০০০ মাইল ঘন্টায় ! স্যাক্রামেন্টোর লোকেরা ভাগ্যবান বটে। আমি নিজে তো জানতামই না। পরিবারের মানুষেরা, বিশেষতঃ নাতনীর উৎসাহে জানা গেলো। অনেক বিষেশজ্ঞের দল পড়াশোনা করে আর একটি গ্যালাক্সির নাম বলেছে - তার নাম এন্ড্রোমেডা। সে ২.৫ মিলিয়ন লাইট ইয়ার দূরে। এর তারকার সংখ্যা এক ট্রিলিয়ন হবেই। এর পড়াশোনা করতে হলে আবার ঘুরে আসতে হবে।এই ধূমকেতুটির সম্বন্ধে লিখতে আমার বোধ হয়েছে যে পুচ্ছটি বরফ, ধুলোবালি এবং সোডিয়াম আয়ন দিয়ে ভরা। লম্বায় ১২ টি চন্দ্রিমা যদি পাশাপাশি যদি রাখা যায়, যার কিনা প্রত্যেকের ডায়ামিটার ২,১৫৯ মাইলস হয়, তাহলে কি রকম একটি ছোট খাটো খেলনা তৈরী হয়। এই সমস্ত খবরাখবর অসাধারণ বৈজ্ঞানিক গবেষণার ফলাফল।

আমার বাবা নতুন চাকরি নিয়ে উড়িষ্যায় গেছেন।বয়স ২৫/২৬ হবে। আমার মা ঠাকুর্দ্দার বাড়িতে দু'ছেলেকে নিয়ে থাকেন। বাবা একলা, সন্ধ্যেটা কাটেনা বলে একটা ক্লাবে বেশ দূরে তাস খেলতে যেতেন। একদিন বাড়ি ফিরবার সময় দেখলেন দূরে রাস্তায় কেমন আলো জ্বলছে। গভীর রাত্রি, তবু সাইকেলে যতটা গতি বাড়ানো যায়। কাছাকাছি আসতে দেখেন রাস্তার দুধারে কালভার্টের ওপর বসে আছে দুটি ব্যাঘ্রপুঙ্গর। অবর্ণনীয় কান্ড, তখন তিনি পারেন না এগোতে, না পেছতে।তিনি শক্ত পোক্ত মানুষ ছিলেন। তা হলেও শেষ পর্যন্ত উর্দ্ধশ্বাসে কি করে বাড়ি পৌঁছালেন তার বাকি ইতিহাস শোনা গেলো একটি ছেলের কাছে যে বাড়ির কাজ করত। সে খাটিয়ায় পরে ঘুমোচ্ছিলো। তাকে টান দিয়ে ফেলে দিয়ে সেখানেই শয়ন। ৫ দিন জ্বরে বেহুঁস হয়ে ছিলেন। শেষে কোলিয়ারির ডাক্তারেরা নানা চেষ্টায় পদত্যাগ করিয়ে দাদুর বাড়িতে ফেরত পাঠানোর ব্যবস্থা করেন। এরপর আমার বাবা অবশ্য রেলওয়েতে চাকরি পান সারা জীবনের মত।

আমরা ধূমকেতু দেখলাম, করোনা বা কোভিড কতকটা দেখলাম, এরপর বাঘ দেখলাম। নাঃ আর লেখা যাবে না - যদি ঘাড় মটকে দেয় ? সকল দুঃখের শেষ হোক, সকল অশুভকে বিনাশ করবার প্রার্থনা জানিয়ে পরমেশ্বরকে নমস্কার করছি। এখানে স্যাক্রামেন্টোর বন্ধুদের জন্য পুনর্বার প্রার্থনা জানাই।

***মঞ্জু রায়চৌধুরী**, অশীতিপর, গ্র্যানাইট বে - তে অবসর জীবন যাপন করছেন। বাংলা ভাষা, রবীন্দ্র-সাহিত্য ও সংগীতের প্রতি তাঁর আনুগত্য তাঁকে লেখালেখি ও পড়াশোনায় ব্যস্ত রাখে।*

জয়া ব্যানার্জী

একটি মডার্ন গপ্পো

দিনকাল পাল্টে গেছে। আমরা সবাই হয়তো বা ভয়ার্ত, আতংকিত বা কেউ কেউ আবার বেপরোয়া। আচ্ছা ভাবুন তো? সেই একটি তুচ্ছাতিতুচ্ছ জীবাণু। সে কিনা সম্পূর্ণ ব্রহ্মাণ্ডের মানুষের মুখোশ ঘেরা মুখ গুলো থেকে মুখোশ নাবিয়ে ফেলেছে? আজ আমরা সবাই বেরুচ্ছি মুখোশ পরে, কিন্তু ঘরে বন্দী মানুষ জনের সেই আগেকার মুখোশ গুলো সব যেন ধ্বসে ভেঙে আসল মুখ বেরিয়ে এসেছে। আজ আমরা সবাই জানতে পারি মুখোশের পেছনের আসল মানুষ কে। আমরা আজ সবাই নিজেদের ক্রোধ, ঘৃণা আকাঙ্খা সব কিছুই সেই স্বচ্ছ একুয়ারিয়ামএর মতন সোশ্যাল মিডিয়া তে তুলে ধরেছি. আমাদের প্রীতি ভালোবাসা, আমাদের ছোট ছোট হাসি কান্না তার সব কিছুরই সাথী এখন এই সোশ্যাল মিডিয়া! পার্টি নেই, শ্রীমতি পাকড়াশীর সেই গোটা পাঁঠার মাংস কিংবা গলদা চিংড়ির বাহার নেই - COVID-19 আমাদের যেন টেনে নিয়ে গেছে এক গভীরে, যেখানে কেবল আছে আমাদের choose না করা পরিবার আর সেই মানুষ জন যাদের আমরা কেবল tolerate করতাম ঠিক সেই যেন সাজানো flower ভাসে সাজানো এক গুচ্ছ ফুলের মতন? তারাই এবার আমাদের ২৪ ঘন্টার সাথী?

বেহাগ রাগের সাথে কিন্তু রাগ ভৈরবীও শোনা যাচ্ছে। ঘরে ঘরে পরিবার এর বন্ডিং বাড়ছে, মা বাবা বাচ্চা কাচ্চা এক সাথে খাবার টেবিলে।লোক জনের ক্রিয়েটিভিটি এখন তুংগে আর beach ভরে-ভরে করোনা - না না কোনো ভয় নেই। ভ্যাকসিন তো আসছে। মারকে লেঙ্গে -

তা সে যাই হোক, দিনকাল তো সত্যিই পাল্টাচ্ছে করোনা আর নো করোনা। এবার একটা এই পাল্টে যাওয়া দিনকাল নিয়ে গপ্পো বলি। গপ্পোর প্লট তা একটু চিরাচরিত কিন্তু দিনকালটা মডার্ন আর চরিত্রও কিন্তু খুবই মডার্ন।

এক যে ছিলো রাজা।কেন? মডার্ন না? আজকের দিনেও কিন্তু অনেক দেশে রাজা রানী আছেন আর মানি মানি আমরা তো "সবাই রাজা আমাদেরই ।."

আচ্ছা এক যে ছিলো রাজা। আহা এ রাজা কিন্তু সে রাজা না। নামে ছিলো রাজা বাপ মা আদর করে নাম রেখেছিলেন রাজা. সেই কানা ছেলের নামে পদ্মলোচনের মতন। কিন্তু slum এর জন্ম তাকে আটকে রাখতে পারে নি। সে নিজের নামকে আত্মস্থ করে সত্যি সত্যি রাজা হয়েছে - King অফ সুলেমান পাড়া।রাজার মতনই তার এখন প্রচুর প্রতিপত্তি ব্ল্যাক মানি, এক্সট্রশন মানি।আরও সব চুরি রাহাজানি মানি। ছোটোখাটো এক আর্মিও তার আছে। সুলেমান পাড়ায় তাকে এক ডাকে সকলেই চেনে এমন কি পুলিশ ম্যাজিস্ট্রেট তাদের কাছেও সে সমান খ্যাতিপ্রাপ্ত।

এখন তো মডার্ন যুগ তাই সবরকম বিজনেসই তো অনলাইন। রাজাকেও ইন্টারনেট শিখতে হয়েছে অর্ডার আর সাপ্লাই বজায় রাখতে. সেখানে তার বিজনেস এক্কেবারে গ্লোবাল।

মন্দার সময় এখন লোক জন করোনার ভয়ে বাইরেও বেরোয় না, মারামারি লুটপাট সবই বন্ধ, বেজার রাজা তাই সার্ফিং করে সারাদিন। সেই করতে করতে একদিন দেখতে পেলো আগুন জ্বলছে। আগুন জ্বলছে আমেরিকায়। কি ব্যাপার? ভালো করে দেখে বোঝা গেলো প্রোটেস্টএর আড়ালে - লুট পাট রাহাজানি। ইশ গেলো গেলো। রাজার তো চক্ষু বলাকার! হুঙ্কার করে ভাবে -আমার বাজারে এরা করা? তৎক্ষণাৎ অ্যাসিস্ট্যান্ট কে তলব - হেই টোনি আমার ইম্পেসালিটি আমেরিকা চালায় কি করে? কোন সালা হামার আইডিয়া চুরি করে এক্সপোর্ট করেছে রে? সব সালাদের খবর নে তো। সালা আমাকে ফাঁকি? তা টোনি খবর টবর নিয়ে জানায়। রাজা সাব আমরা পেটেন্ট করতে ভুলে গেছি তাই হয়েছে। বলেছিলাম তখন YouTube পোস্ট করবেন না, এখন হলো তো? ওঁরা তুমার মেথডোলজি পাচার করে দিয়েছে। ইশ কত টাকার রয়ালটি মিস!

রাজার ক্যাম্পের সবার মন বেজায় খারাপ। কাজের অর্ডার, তা রাজাদের না দিয়ে ইন্ডেপেন্ডেন্টলি করলো আমেরিকা ? এত্ত ভালো আইডিয়াটা এক্কেবারেই গোটা ইউনিভার্স জেনে গেল ।

এবার একটা ব্যবস্থা করতেই হবে। অনেক বুদ্ধি খাটিয়ে আর সারা রাত ধরে নেট ঘেঁটে রাজা ঠিক করলো ট্রাম্প কে একটা ফোন লাগাতেই হবে। অবশ্য এটা ঠিক এক্কেবারে রাজার একার আইডিয়া নয়। তার বহুদিনের দোস্ত লাল্লু জির জিনিয়াস মগজ দিয়ে আইডিয়া টা বেরিয়েছিলো। তবে রাজার সন্দেহ। রাবড়ি দেবীর যে হাত নেই তাতে তা ঠিক মানা যায় না। রাবড়ি দেবী তো আবার ভীষণ ইন্টারন্যাশনাল savvy ।

যাই হোক। এবার সময় টময় বিচার করে রাজা ছাড়লেন টুইট ট্রাম্প কে। আজ কাল কেউ ফোন করে নাকি। ধুস! সে কোন আদ্দিকালের ব্যাপার-স্যাপার! এখন সব কথা ইনস্টাগ্রাম আর টুইট।

এখন সে হয়েছে এক কান্ড। আজকাল তো আবার ইলেকশনএর ধুম । ট্রাম্প প্রচুর ব্যস্ত - কাকে কি নিয়ে নাস্তানাবুদ করা যায় কোন মিছা কথা বললে TRP বাড়বে- জীবন তো এক্কেবারে রিয়ালিটি শো করে ফেলেছেন সার! এই নিয়ে কেবিনেট আর হাউস মাথার ঘাম পায়ে ফেলছে। তাই টুইট একাউন্ট অন্যেরা হ্যান্ডেল করছে পালা করে।

আমাদের রাজা ডোনাল্ড কে খুব একটা ফলো টোল করে না বুঝলেন, তার হাতে অনেক কাজ আর ঐসব ফস্টি-নষ্টি করা লোক তার পোষায় না। আজ নাহয় উপায় নেই তাই।

তা রাজার টুইটের জবাবে একটা নম্বর পেয়েছে রাজা। বলেছে ফেস টাইম করতে। রাজার কলার উঁচু!

এক টুইটেই ট্রাম্প খালাস! মিলতে চায়। রাজা ক্যাম্প তখন করোনা পার্টি COVID-19 পার্টি সব বাদ দিয়ে জুটে গেছে রাজার ইংরেজি ঠিক ঠাক করে দিতে। আর ট্রাম্প সালা ১ নম্বর দেশের রাজা তো। আর সুলেমান পাড়ার নাম তো রাখতে হবে। তো দেখুক কোন রাজার পয়সা সাঁটিয়েছে।

তা এবার রাজা রেডি, মনিশ ভাইয়ের স্যুট সব্যসাচীর টাই। ইন্টারপ্রেটার রেডি ! Zoom করবে নিজের প্যালেস থেকে! রাজা বলে কথা এমনি এমনি নাকি?

ওররে বাব্বা। zoom যখন খুলে এলো, রাজার তো প্রায় হলুদ অবস্থা - দুই অপ্সরা। এরা করা? পাশ থেকে হাবিব বলে ফিসফিসিয়ে - ফার্স্ট লেডি মিলেনা আর তার মেয়ে টিফানি। রাজার আর নজর সরে না! ওধার থেকে টিফানিও স্তব্ধ। যেন সঞ্জয় লীলা বানসালির সিনেমা। রাজার মুখে কথা নেই, মিলেনা যেন অনেক কিছু বলে যাচ্ছে কিন্তু তার এক বিন্দুও রাজা শুনছে না। তার তখন হৃৎপিণ্ড রকেট, চারিদিকে যেন ঘুঘু পাখি ডেকে যায়। একেই কি বলে লাভ এট ফার্স্ট সাইট? পাশে সবাই উসখুস করছে -রাজা কেন সব মেনে নিচ্ছে? কিন্তু রাজার প্রাণ তখন উরু- উরু মন যেন ঘুরু- ঘুরু রয়ালটি হাওয়া, পয়সা তুচ্ছ একাধিপত্ব লাট মার।

ওধার থেকে ফার্স্ট লেডি বলছে- রাজা তোমার অ্যাকশন আমরা বেশ কয়েক বছর ধরেই ফলো করছিলাম। হাব্বি তোমার বেজায় ফ্যান। আমাদের ইলেকশনে কিন্তু ভোটিং বুথ সামলাতে তোমাকে দরকার। রিমোটেলই যদি কিছু ব্যবস্থা করতে পারো। তবে কিন্তু সব কিছু ভলান্টারি। টাকা পয়সা একটু টান পড়েছে বুঝলে? কি ভাবে তোমার ঋণ শুধবো একটু বলতো সোনা।

রাজার তখন পলক পড়ে না।এক গাল হাসি তার মনমুগ্ধ চোখে। টিফানি ভাবে ইশ! এক্কেবারে চোখের বালি (eye - candy)। সঙ্গে সঙ্গে বলে উঠলো - না না ভার্চুয়াল কেন। Mr. রাজা তো আসতেই পারেন হোয়াইট হাউসের গেস্ট হয়ে কিছুদিন। আমি ওনাকে পার্সোনালি সব ঘুরিয়ে দেখাবো। কি বলেন রাজা ওস্তাদ?

বিশাল একটা গুঁতুনি খেলো রাজা হাবিবের কুনুই থেকে। হাবিব বলছে এই তো চান্স- চেয়ে নাও রাজা ওস্তাদ- রাজার যেন তখন যোগনিদ্রা, থুড়ি অপ্সরা নিদ্রা, ভঙ্গ হলো। হ্যাঁ এই তো চান্স পে ডান্স। বহুদিনের প্রচেষ্টায় সংগ্রহ করা থালাইভার ইস্টাইলে সে ডেলিভারি দেয় "I may say it once, but it means it is said a hundred times" ই আমি তোতলায় ইন লাভ উইথ ইউ ম্যাডাম। আপনি যা মাংবেন এই রাজা বুক উজাড় করে দিয়ে দেবে।" টিফানি তো আনন্দই ডগমগ। ভাবছে কি করে মা বাবা আর রিচার্ড কে লেঙ্গি দেয়া যায়। কিছু বলেই ওঠার আগেই আমাদের রাজা । তার দ্বিতীয় গুরু শারুখের মতন হস্ত প্রসারিত করে বলেই- এই বোরো বোরো দেশে ছোট ছোট কাজ আমি তোমার জন্য করেও দিতে পারি মিলেনা ডার্লিং। একবার হামায় ডাক দিয়ে তো দেখো। হামার সারা লাইফ তোমার পদতলে। তোমায় আম্রিকার প্রেসিডেন্ট যদি না করে দিয়েছি হামার সালা নাম রাজা নাহি! তার পরের ঘটনা কি আর বলে দিতে হবে? ইন্টারপোল এখন ক্রিমিনাল ইভেন্টের একটা বিশাল মিস্টারী সল্ভ করতে ব্যস্ত - শিগগিরই নেটফ্লিক্সেয় নতুন ড্রামা - অপেক্ষায় থাকুন।

জয়া ব্যানার্জী, *স্যাক্রামেন্টো ন্যাটোমাস বাসী। উনি ক্যালিফর্নিয়া স্টেটে কাজ করেন এবং বাকি সময়টা স্বপ্ন দেখেন।*

আরতি সেন

আবর্ত

কি যে হল নিজেও বুঝতে পারছেন না। সুমনবাবুর নিজেকে নিজে এবং অবশ্যই অন্যরাও তাঁকে সফল মানুষ বলেই মনে করেন।তাহলে কেন যে আজ এই লুকোচুরি! উঠেছেন সেই কোন্ ভোরে-প্রায় অন্ধকার থাকতে।তাড়াহুড়ো করে তৈরি হতে হতে ব্যালকনি থেকে উঁকি দিলেন পাশের ফ্ল্যাটে।দীপেশ কি উঠেছে? বুঝতে পারছেন না।ঠিক আছে-না উঠলেও ক্ষতি নেই।তিনি অপেক্ষা করবেন না।দরজায় লক টেনে চলে এলেন গ্যারেজে। আসলে, মিতালী উঠে বাধা দেবার আগেই বেরিয়ে যেতে হবে।নাঃ, দীপেশ দাঁড়িয়ে।ইশারায় গাড়িতে উঠতে বললেন।কিন্তু দীপেশ কর্তব্য সচেতন।দুটো বেলুন লাগানো হার্টের রোগীকে সরিয়ে নিজেই বসল চালকের আসনে।যাক, এখন কিছুটা নিশ্চিন্ত সুমনবাবু। আর একজনকে তুলতে হবে। ছেলেটি থাকে একটু দূরে একটা কলোনিতে। ওর সূত্রেই এই যোগাযোগ॥ সুমনবাবু ভাবছিলেন, বিগত বছরগুলোর মতো এবারেও আবাসনের পতাকা তোলার দায়িত্ব ছিল তাঁরই উপর। রাতে হঠাৎই মনে হল- আর নয়। চোখে ভেসে উঠলো কয়েকদিন আগের ছবিগুলো।সিদ্ধান্ত পালটে ফেললেন।দায়িত্বটা অন্যের উপর দিয়ে অত রাতেই ছুটেছিলেন দোকানে। সেখানে দীপেশ - ধরা পড়ে গেলেন। যার পরিণতিতে দীপেশও সঙ্গ নিল। ভালই হয়েছে একপ্রকার।এই অবস্থায় দু'একজন সাথে থাকলে পুরো পরিস্থিতি সামাল দেওয়া সহজ হয়।

গাড়ি ছুটছে। দূর থেকে দেখলেন--ছায়া মানুষের মতন তিন চারজন দাঁড়িয়ে।প্রত্যেকের হাতেই ছোটবড় ব্যাগ, প্যাকেট।দলটা বেশ উদ্যোগী। কে জানে কত কষ্টে এইটুকু সময়ে এসব ব্যবস্থা করেছে। যাবে তো একজন।কিন্তু সবাই হাজির।গাড়ি থামতে তাড়াতাড়ি সব জিনিস গাড়ির পিছনে চালান করে বাবাই উঠে এল।

ভোরের একটা নিজস্ব গন্ধ আছে।অদ্ভুত ভাললাগার গন্ধ।সকালে বিছানা আঁকড়ে পড়ে থাকা সুমনবাবু বুক ভরে নিঃশ্বাস নিচ্ছেন। এই করোনা আবহে মিডিয়ার শত চ্যানেলের সহস্র প্রচারেও যা হয়নি-তাই হচ্ছে-কার্যত তিনি প্রাণায়ামই করছেন, চোখ ভরে দেখছেন রাস্তার দু'ধারের উদার প্রকৃতিকে।তাড়াতাড়ি পৌঁছতে হবে।কারণ সবকিছু মিটিয়ে সন্ধ্যার আগেই বেরিয়ে পড়তে হবে। একটা ভাবনা মাথায় এল। আগের বারের মতো দুপুরের খাওয়া নিয়ে ওদের বিব্রত করা যাবে না। গাড়িতে মুড়ি চিঁড়ে ছাতু আছে, এতেই চলে যাবে। তবে নিশ্চিন্ত হতে পারছেন না। মানুষগুলোকে যতদূর বুঝেছেন, এই ব্যবস্থা ওরা মেনে নেবে না। গতবারে কী কাণ্ডটাই না হল। দুটো গ্রামের মানুষ কাঠকুটো জ্বালিয়ে মাটির পাত্রে রেঁধে ফেলেছিল।ভাত ডাল আর মাঠঘাট থেকে ধরে আনা ছোট ছোট কাঁকড়ার ঝোল। উঁচু দাওয়ায় লেপেপুঁছে কলাপাতা বিছিয়ে ভাত বেড়ে দিয়েছিল। বাবাইয়ের দল বসে গিয়েছিল। সুমনবাবু দ্বিধায় দাঁড়িয়েছিলেন।লকডাউনের পর থেকে বাইরে কিচ্ছুটি খাচ্ছেন না।পেটে খিদে, মনে ভয়।এক অল্পবয়সী বিধবা এগিয়ে এসেছিল।"গরম ভাতে কোনো দুষ নাইগো, এ গেরামে রোগ ঢুকে নাই।' কথায় আন্তরিকতা, চোখে আকূতি। চারপাশে তাকিয়ে দেখলেন একটু দূরে দূরে দাঁড়িয়ে অভুক্ত অর্ধভুক্ত মানুষের দল আর তাদের গা-ঘেঁষে কুচো-কাঁচারা। ভিতরে কোথাও কি কিছু ছিঁড়ে যাচ্ছিল সুমনবাবুর? লজ্জায় মাথা নেমে এসেছিল বুকের কাছে।আমরা কতটুকু চাল ডাল তেল নুন এনেছি? ওরা যে তার থেকেই বাঁচিয়ে দেবতাকে নিবেদনের মতো করেই সাজিয়ে দিয়েছে খাবার।একে ফিরিয়ে দেওয়ার সাধ্য কোথায়? স্ত্রীলোকটি অত্যন্ত বুদ্ধিমতী।কী বুঝলো কে জানে! চোখের চাউনিতে চত্বর ফাঁকা।গুটি গুটি পায়ে সুমনবাবু তখন ভাতের পাতায়।এরা নাকি অশিক্ষিত! প্রত্যেকের মুখে মাস্ক, পরিস্কার গামছায় বাঁধা মাথার চুল।প্রত্যেকেই স্নাত, ধোওয়া জামাকাপড় পরিহিত, হতে পারে তা সস্তার, কোথাওবা ছেঁড়া। আচ্ছা এইতো এদের দশা, তবু শহরের বড়লোকদের পুরনো দামী পোশাক (বাবাইদের সংগ্রহ করা) এরা নেয়নি। বলেছে , খুব অল্প জামাকাপড় হলেই ওদের চলে, তাছাড়া পুরনো পোশাক নিয়ে ওরা করোনাকে ডেকে আনতে চায় না।সুমনবাবু তখনই স্থির করেছিলেন, পুজোর আগে নতুন কিছু জামাকাপড় নিয়ে আসবেন। উনি জানেন গ্রীষ্ম কাটলেই শীত যে এখানে জাঁকিয়ে বসে।খাওয়ার পর গ্রাম দেখা। যে দুটো গ্রামের জন্য রিলিফ আনা হয়েছে সেই জায়গা একটু ঘুরে নেওয়া। মুণ্ডাগ্রাম - আদিবাসীদের আর বিধবা গ্রাম। এখানে এসে জেনেছিলেন সুন্দরবন অঞ্চলে আসলে অনেক বিধবা গ্রাম বা বিধবাপাড়া আছে। যেসব পরিবারের পুরুষরা মাছ ধরতে গিয়ে জলে ডোবে বা কুমিরের কামড়ে মরে কিংবা জঙ্গলে বাঘের পেটে যায় তাদের বিধবা স্ত্রী আর বাচ্চাদের নিয়ে হয় বিধবা গ্রাম বা গ্রামের মধ্যেই বিধবাপাড়া। ভয়ংকর ব্যাপার! লকডাউনে মাছধরার ট্রলার সাগরে যায়নি।যারা বাইরে কাজেকর্মে যায়--কেউই বেরোয়নি। বাইরে থেকে সব গ্রামে ফিরেছে--এরা নাকি 'পরিযায়ী'। এরা সরাসরি গ্রামে ঢুকতে পায়নি। সীমানায় ছাউনি গেড়ে থেকেছে বারো চোদ্দ দিন। রোজগারহীন মানুষগুলোর মূল ভরসা ছিল রেশনের চালডাল। তারপর এল প্রকৃতির অভিশাপ। আছড়ে পড়লো মহাঝড়। লণ্ডভণ্ড করে দিল গ্রামকে গ্রাম। সর্বত্রই তার ভয়াল চিহ্ন। ওপড়ানো গাছ, ভেঙে পড়া বাড়িঘর। প্রবল বৃষ্টিতে ভেঙেছে নদীবাঁধ। সাগরের লোনা জল ঢুকে নষ্ট হয়েছে ক্ষেত, ক্ষেতের ফসল।কবে জমি ঠিক হবে, আবার ফসল ফলবে? জানা নেই।পানীয় জলের হাহাকার। ওষুধ নেই, চিকিৎসা নেই।আচ্ছা, এদের আছেটা কী?

গ্রামের লোকজন বলল, নদীর ওপারের গ্রামগুলোর অবস্থা নাকি আরও খারাপ। সেটাই স্বাভাবিক! সুমনবাবুদের লোকবল কিংবা অর্থবল এতটাও ছিল না যে ঐসব গ্রামে যাবেন। সমস্যা অনেক। ফেরি ভাড়া করতে হতো।আরও এক বা দু'দিন থাকতে হতো।সত্যি কথা বলতে কি, বেশিরভাগ রিলিফ নদীর এপারেই বিলি হচ্ছে। ওপারে কুমিরমারি, মোল্লাখালি, কচুখালি ইত্যাদি আরও কত কত গ্রাম! পথের পানে চেয়ে আছে তারা। সামান্য একটা প্যাকেটের জন্য ,সন্তানসম্ভবা বৌ, বাচ্চাকাচ্চা, বৃদ্ধ বৃদ্ধাও নেমে পড়ছে মানুষখেকো কুমির-ভরা নদীতে। হায় ভগবান! কি অদ্ভুত এই অঞ্চল! পৃথিবীর বৃহত্তম ডেলটার একাংশ এই সুন্দরবন - যদিও তার বেশিরভাগ অংশটাই বাঙলাদেশে।জালের মতো ছড়ানো নদীনালা, প্রাকৃতিক সম্পদে ভরপুর, অতুলনীয় যার বায়ো-ডাইভার্সিটি, শহরের ঢাল - অথচ এতটাই নিঃসম্বল, অসহায়!

"স্যর, গাড়ি কি এখানে থামাব?" তন্ময়তা ভাঙল সুমনবাবুর।অনেকটা রাস্তাই চলে এসেছেন।কিছু দোকানপাট দেখে গাড়ি থামলো।সবাই নেমে চা খেলেন। তুলে নিলেন আরও কিছু কেক বিস্কুট রুটি। হ্যাঁ, এবার বেশিরভাগটাই বাচ্চাদের জিনিস।ইচ্ছে ছিল খাতা পেন আর কিছু খেলনা নেওয়ার।কিন্তু সবার আগে দরকার খাবার।ভরপেট খাবার।গাড়ি ছুটছে। মন ছুটছে তারও আগে।ফেরার সময় কত লোকই না জড়ো হয়েছিল গাড়ির পাশে! রিলিফ এনেছেন বলে কি? না, এত লোকের জন্য কিছুই আনা হয়নি।তবে কী?

এই "কী"টাই তো তাড়িয়ে বেড়াচ্ছে। পকেটে হাত ঢুকিয়ে অনুভব করলেন "জাতীয় পতাকা"।স্বাধীনতা দিবসে ওখানেই পতাকা তুলবেন বলে সঙ্গে এনেছেন।চকিতে মনে হল-- এ কোন্ স্বাধীনতা?!
তাড়াতাড়ি পৌঁছতে হবে।ওরা কি ভবিষ্যৎ প্রজন্ম নয়? ওদের জন্য কিছুই কি করার নেই? এ জীবনকে তিনি এতটা কাছ থেকে কখনও দেখেননি। তাঁর কি ওখানে পৌঁছতে বেশি দেরী হয়ে যাচ্ছে??

আরতি সেন, *রবীন্দ্রনগর কলকাতা নিবাসী, অবসরপ্রাপ্ত শিক্ষিকা। উনি সমাজসেবা এবং সাহিত্যচর্চায় রুচি রাখেন। উনি পুবাশা দাসের মা ।*

জয়দীপ দাস

চিন্তক শিক্ষক

রবীন্দ্রসদনের কাছে বাস থামতেই হুড়মুড়িয়ে একদঙ্গল মানুষ উঠতে উদ্যত প্রায়ে চলতি বাসটিতে। কন্ডাক্টর নিপুণভাবে যাত্রীদের টেনে তুলছেন বাসের পা-দানি থেকে এবং ঠেলেঠুলে তাদের ভেতরে ঢুকিয়ে দিচ্ছেন। কাজটির জন্য যথেষ্ঠ দক্ষতার প্রয়োজন, মোটেও সহজ নয়। কাজটি এমনভাবে করতে হবে যাতে বাসের অভ্যন্তরে অনেক যাত্রী থাকা স্বত্বেও বাইরে থেকে ভিড় তেমন বোঝা না যায়। এবং আরও বেশী যাত্রীদের আকর্ষণ করা যায়। আবার বেশি জোরে যাত্রীদের ঠেলাঠেলি করলে, আছে জনরোষের বিপদ। এমত অবস্থায় বাসের ভিড় যখন বাড়ছে এক যাত্রীর বিরক্তি সূচক মন্তব্য শোনা গেল। "এত লোক সব ফিল্ম স্টার দের দেখতে এসেছে"। বাসে ভিড় হওয়া স্বত্বেও একটা নীরবতা ছিল। লোকজন কিছুটা শোকার্ত ও বটে। কিন্তু ফিল্ম স্টার দেখতে আসার উক্তিটি শোনার পর কয়লা গাদায় অগ্নিসংযোগের মত সবাই প্রায় একসঙ্গে জ্বলে উঠল।রীতিমত গর্জে উঠলেন সকলে। "কে বললে কথাটা? নিশ্চয় বেটা এ রাজ্যের লোক নয়। বাইরে থেকে এসেছে। বাঙ্গালির কালচার সংস্কৃতি শিক্ষা এসব কিছুই জানে না হতভাগা? এর সঙ্গে একসাথে যাত্রা করাও পাপ।" লোকটিকে এখুনি বাস থেকে নামিয়ে দেওয়া হোক, রায় দেন সকলে।

এমন ঘটনা কলকাতা শহরে প্রায়ই ঘটে থাকে।কিন্তু এই দিনটির একটা বিশেষত্ব আছে। ১৯৯২ সালের এপ্রিল মাস, তখন কলেজে পড়ি। ওই বাসটিতে ওঠার মিনিট ২০ আগে আমি সত্যজিৎ রায় কে দেখি । সেটাই প্রথম ও শেষবারের মতো দেখা। তার দীর্ঘ দেহটি শায়িত কাঁচের বাক্সে নন্দন প্রাঙ্গণে। মানুষের ভিড় উপচে পড়ছে তাঁকে শেষ বারের মত বিদায় জানাবার জন্য। চিত্র তারকারা অনেকে উপস্থিত সেখানে। মাইকে সৌমিত্র চট্টোপাধ্যায়ের কথা শুনছি, বলছেন "আজ দ্বিতীয় বার পিতৃহারা হলাম"। নন্দন চত্বর থেকে বাইরে এসে বাসস্ট্যান্ডের দিকে এগিয়ে যাই। সেখানেও কাতারে কাতারে লোক। যিনি কোনদিন হয়ত গান করেননি তার গলায় সুর ".... বলো দুঃখ কিসে হয়"। একসঙ্গে হাজার হাজার মানুষ কে দুঃখে এতটা শোকার্ত হতে আমি আর কোনওদিন দেখিনি।

সত্যজিৎ রায়ের ওপর দেশে বিদেশে আজ অবধি যা যা লেখা হয়েছে তা এতই সুবিশাল ও সুসমৃদ্ধ যে আমার মত লোকের পক্ষে আর কিছু লিখতে যাওয়া মানে সেটা বাতুলতা, বা বাচালতা হয়ে দাঁড়াতে পারে। তবু কিছু লেখার চেষ্টা করছি, বিশেষ করে সত্যজিৎ রায় কি ভাবে আমায় ব্যক্তিগত ভাবে প্রভাবিত করেছেন। খুব ছোটবেলায় মা এর সঙ্গে গুপি গাইন বাঘা বাইন ছবি দেখেই সত্যজিৎ রায়ের সঙ্গে পরিচিত হওয়ার সূত্রপাত। তখন এতই ছোটো ছিলাম যে গল্পটা যে ঠিক কি নিয়ে সেটাই বুঝতে পারিনি । মা আমাকে আগে থেকে গল্পটা শুনিয়েছিলেন তাই ছবি দেখে খানিকটা অনুমান করা যাচ্ছিল। ভুতের নাচ ও আকাশ থেকে মণ্ডা মিঠাই পড়ার দৃশ্যটাই সবচেয়ে উপভোগ করেছিলাম। তারপর আরেকটু বড় হয়ে একদিন জন্মদিনে উপহার পেলাম তাঁর লেখা কৈলাসে কেলেঙ্কারি। পশ্চিমবঙ্গ সরকারের জন -শিক্ষা সম্প্রসারণ বিভাগের সুবাদে পাড়ায় পাড়ায় অনেক সরকারী লাইব্রেরি তৈরী হয়েছিল। আমাদের পাড়াতে ছিল এমনি একটি লাইব্রেরি – শহীদ স্মৃতি পাঠাগার, আজ ও সেটি হয়ত আছে। এই লাইব্রেরিটির কল্যাণে খুব ছোটবেলাতেই আমার বই পড়ার নেশা তৈরী হয়েছিল। একে একে ফেলুদা, প্রফেসর শঙ্কু ও অন্যান্য নানান গল্প শেষ করছি। আবার স্কুলে গিয়ে এই সব গল্প নিয়ে বন্ধুদের সঙ্গে খুব আলোচনা হত। একদিন এক মাতব্বর ও কিঞ্চিত জ্ঞানী হিসেবে পরিচিত এক ছাত্র এসে বলল যে সত্যজিতের লেখা তার ভাল লাগেনা কারন তিনি তার লেখার মধ্যে "বেশী পণ্ডিতি দেখান"। তার মতে উনি অনেক দেশ ঘুরেছেন, অনেক অভিজ্ঞতা সঞ্চয় করেছেন ঠিকই কিন্তু তাই বলে গল্পে সেগুলো লিখে আমাদের শোনাবার কোন যুক্তি নেই। এই যুক্তি আমার কাছে খুবই ভ্রান্তিকর মনে হয়েছে। এখন বুঝি সেই সময় সত্যজিৎ রায় না থাকলে আমি অনেক কিছুই জানতে পারতাম না। স্প্যানিশ ও ইতালীয় ভাষায় "ধন্যবাদ" যে যথাক্রমে "গ্রাসিয়াস" ও "গ্রাতসিএ" এবং এদের উচ্চারণে যে সূক্ষ্ম প্রভেদ আছে (যা প্রদোষ মিত্রর কান এড়ায় না), অথবা লাতিন আমেরিকার এল দোরাডোর কথা, ভারতের প্রাচীন ভাস্কর্য, আলতামিরা গুহার ভেতর আঁকা বাইসনের ছবি, মায়া সভ্যতা, হার্জ এর টিনটিন এসবই সত্যজিতের কাছ থেকে আমার জানা ও শেখা। ইন্টারনেট, বৈদুত্যিন মাধ্যম, ইয়ুটুউবের গোড়া পত্তনের অনেক অনেক আগে সত্যজিৎ তাঁর একান্ত মৌলিক লেখার মধ্যে দিয়ে আমাদের এগুলি শিখিয়েছিলেন। এজন্য আমি ও আমাদের প্রজন্মের অনেক মানুষ তার কাছে ঋণী ।

সত্যজিৎ রায় মারা যাবার দিন ২৫ আগে একাডেমী পুরস্কার পান। তিনি তখন অসুস্থ এবং হাসপাতাল থেকে ভিডিও লিঙ্ক এর মাধ্যমে আউদ্রে হাপবার্ন তাঁকে পুরস্কারটি প্রদান করেন। তাঁর পুরস্কার গ্রহণ কালীন বক্তৃতা আমরা সকলেই শুনেছি। ছোটবেলায় মার কাছে শুনেছি সত্যজিৎ রায় ইংরেজি বলতেন সাহেব দের মত, যা আমার মা কোন এক অনুষ্ঠানে গিয়ে শুনেছিলেন। তাঁর উচ্চারণ নাকি ব্রিটিশ ইংরেজি ধাঁচের। আমার এক বন্ধু এই পরিপ্রেক্ষিতে বলেছিল যে পুরস্কার গ্রহণ করার সময় সত্যজিৎ নাকি তাঁর ইংরেজি উচ্চারণ বদলে নেন - তিনি ইওর্ক-সায়রের উচ্চারণে বক্তৃতাটি দেন যাতে তার অসুস্থতা বোঝা না যায়। কলকাতায় থেকে তখন বাংলা ছাড়া সব ভাষাই বিদেশী মনে হয়। ব্রিটিশ বা ইওর্ক-সায়রের উচ্চারণের ফারাক টা কি ও কোথায় এবিষয়ে আমার বিন্দু মাত্র ধারনা নেই। তাই বন্ধুটির বক্তব্য মেনে নিয়েছিলাম - হবেও বা ভেবে।

মনে আছে টিভিতে আগন্তুক দেখার পরের দিন কলেজে গিয়ে Radio Wave Propagation পড়াতে ঢুকে স্যার আমাদের প্রশ্ন করলেন - "আচ্ছা বলতো, তোমরা জীবনে কোনটা কোনদিন হবে না?"। তারপর নিজেই উত্তর দিলেন - "কূপমণ্ডূক"। এরপর ছবিটি আমি বহুবার দেখেছি, যেমন দেখেছি পথের পাঁচালী, অপরাজিত ও অন্যান্য ছবিগুলি। তবে আগন্তুক ছবিটির একটি বিশেষত্ব হল এর কাহিনী তাঁর নিজের লেখা - যেমন অবশ্য পিকুর ডাইরি, হীরক রাজার দেশে, জয়বাবা ফেলুনাথ ও সোনার কেল্লার। এবং ছবিটি দেখে মনে হয় এটি সত্যজিতের নিজের জীবন দর্শণের প্রতিচ্ছবি।"চাকতি তে চাকতি তে", সিকি-আধুলি ও চন্দ্র-সূর্য মিলে যাবার মতই তার নিজস্ব ভাবনা, সমাজ-চিন্তা, ধর্ম ও ঈশ্বর চেতনা গুলি তিনি মনমোহন মিত্রের (উৎপল দত্ত) মধ্যে যেন মিলিয়েছেন। আবার কিছু কিছু ক্ষেত্রে তিনি প্রফেসর সুধিন্দ্র বোসও (দীপঙ্কর দে)। যে মানুষটির পড়াশুনা আছে , মুল্যবোধ-বিহীন নন কিন্তু সামাজিক বাস্তবতার স্বীকার হয়ে তাকে সন্দিগ্ধ হতে হয়। গল্পের শুরুতে এই দুই চরিত্রের মধ্যে ভিন্নতা থাকলেও, মধ্যবর্তী পর্যায় বৈঠকখানায় তর্ক চলাকালীন মনমোহন মিত্র ও সুধিন্দ্র বোসের মধ্যে চিন্তার অভিন্নতা

চোখে পড়ে। বিশ্বাস টা দৃঢ় হয় সত্যজিতের মনন ই যেন মনমোহন-সুধিন্দ্রের মধ্যে প্রতিফলিত হয়েছে। সত্যজিৎ তার সাক্ষাৎকারে অনেকবার Twelve Angry Men ছবিটির কথা বলেছেন। তিনি পরিচালক সিডনী লুমেটের কারিগরি দক্ষতার প্রশংসা করেন যেভাবে দীর্ঘ সময় একটি কক্ষের মধ্যে ঘটে যাওয়া বাক বিনিময় কে প্রখর মুনশিয়ানার সঙ্গে সাজিয়েছেন পরিচালক। অথচ দর্শক এক মুহূর্তের জন্য ক্লান্তি অনুভব করেন না। আগন্তুক ছবিটি কেও আমার অনুরূপ মনে হয়েছে - বিশেষ করে বৈঠকখানায় চলা আলোচনার সময়টিতে।১৯৯১-১৯৯২ তে ঘটে যাওয়া এই আলোচনা বা তর্ক যাই বলি না কেন - আজকের দেশ ও পৃথিবীতেও ১০০ ভাগ প্রযোজ্য।

আজকাল বিশ্ব জুড়ে সব কিছুর ওপর একটা রাজনৈতিক তকমা প্রদানের চেষ্টা চলছে। এই প্রক্রিয়ার মাধ্যমে যে কোনো মানুষ - বিশেষ করে বিখ্যাত মানুষদের, কোন না কোন মতাদর্শে কক্ষাগত করা হয়। অমুক মানুষটি ডান বা বামপন্থী, সমাজতান্ত্রিক বা মুক্তবাজার পন্থী ইত্যাদি। বলাই বাহুল্য সত্যজিৎ এই আলোচনা থেকে বাইরে থাকেন না। প্রতিদ্বন্দ্বী ছবিতে ইন্টারভিউ দিতে এসে সিদ্ধার্থ (ধৃতিমান) যখন বলেন ভিয়েতনামে মার্কিন পরাজয় সবচেয়ে গুরুত্বপূর্ণ তাঁর কাছে এবং তখনই তাঁকে প্রশ্ন করা হয় "আপনি কি কম্যুনিষ্ট?" স্বভাবতই অনেকে ভাবেন সত্যজিৎ পার্টির মেম্বার না হলেও কম্যুনিস্ট চিন্তাধারার পক্ষে ছিলেন। মনে রাখতে হবে সুনীল গাঙ্গুলির কাহিনীতে এই সংলাপ ছিল না আমি যতদূর জানি। কম্যুনিস্ট শব্দটি ১৯৭০-৭২ সালে তৈরি এই ছবিতে একশভাগ প্রাসাঙ্গিক। আবার তার লেখা "হীরক রাজার দেশে" ছবিতেও তাঁর শ্রমিক, শিক্ষক ও চাষীদের পক্ষে এবং অত্যাচারী রাজশক্তির বিরুদ্ধে বিদ্রোহ ও সংগ্রাম পাই। আবার অপরদিকে তাঁরাই সৃষ্টি করা চরিত্র "ফেলুদার ক্লায়েন্ট" রা বেশিরভাগই জমিদার বা বনেদী পরিবারের মানুষ। তাদের প্রকাণ্ড বাড়ি, বিলিতী গাড়ি ও "বাড়ীর সংলগ্ন জমাদার ওঠা নামা করার ঘোরানো সিঁড়ি"। তারিণীখুড়ো তাঁর সৃষ্টি আরেকটি চরিত্রের ক্ষেত্রে একই রকম ব্যাপার দেখি। মনে হতে পারে তার মানে কি তিনি সামন্ততন্ত্র এর পক্ষে? ৬০এর দশকে উৎপল দত্তকে যখন নকশাল আন্দোলনের জন্য জেলে বন্দী করা হয় তখন সত্যজিৎ রায় ইন্দিরা গান্ধী কে লিখে বা দুরাভাষে জানান তার ক্ষোভের কথা, বলেন "it's a disgrace"। শোনা যায় নেহেরুর সমাজতান্ত্রিক কার্যকলাপের উপর তথ্যচিত্র নির্মাণ করতে অনুরোধও করেন ইন্দিরা গান্ধী, যা সত্যজিৎ প্রত্যাখ্যান করেন। এসব থেকে আমার মনে হয়েছে ব্যক্তি সত্যজিতের রাজনৈতিক মতাদর্শ যাই থাক না কেন, ছবি করার সময় তিনি প্রাধান্য দিয়েছেন মানুষ এবং সমাজ ব্যবস্থা ও তাদের সংকট গুলিকে।কোন রাজনৈতিক দলের প্রতি পক্ষপাতিত্ব দেখান নি তিনি।

মার্কিন দেশে বাংলা স্কুল চালাবার সময় আমি সত্যজিৎ রায়ের একটা পঙক্তি খুব ব্যবহার করি। মনে হয় এটা ওনারও বেশ প্রিয়, কারণ দুটো ছবিতে উনি ওই লাইন টি ব্যবহার করেছেন। লাইনটির বক্তব্য ছিল "বাংলা ভাষা ভুলতে গেলে বিদেশে যাবার দরকার হয় না, দেশে তিন মাসের মধ্যে ভোলা যায়"। উক্তিটি সোনার কেল্লার মন্দার বোস ও আগন্তুক ছবিতে মনমোহন মিত্রর মুখে শোনা যায়। আশাপূর্ণা দেবীর একটি লেখাতেও এই বক্তব্যটি চোখে পড়ে।

২০২০ একটি বিশেষ সাল বটে। একদিকে কোভিড অতিমারির প্রকোপে পৃথিবী প্রায় থেমে গিয়েছে ও অনেক কামকাজের ক্ষতি অন্য দিকে প্রকৃতির একাধিক তাণ্ডবলীলা ক্রমশ চলছে বিশ্বজুড়ে। আবার এটি বিদ্যাসাগর মশাইয়ের দ্বিতীয় জন্মশত বার্ষিকী। এবং সত্যজিৎ রায়ের জন্মের ১০০ বছর। সত্যজিৎ রায়ের পথের পাঁচালী ছবি যেমন পৃথিবীর কাছে সেরা ১০০টি ছবির মধ্যে গণ্য, আমার কাছে তিনি এক পরম শিক্ষক ও চিন্তক যাঁর কাজ আমাকে প্রতিনিয়ত প্রভাবিত করে।

জয়দীপ দাস, *সানফ্রান্সিকো বে-এরিয়ার বাসিন্দা, ক্লাউড ও তথ্য প্রযুক্তির পেশায় চাকুরিরত। দিশারী ফাউন্ডেষন বাংলা স্কুলের সহ-প্রতিষ্ঠাতা। মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলা বইএর বিপনন সংস্থা "বইপাগল (Bookmaniac) " এর প্রতিষ্ঠাতা।*

একটি সাক্ষাৎকার

[ঠক ঠক ঠক]

- আসবো কর্ত্তা?

- আসুন।বসুন।হঠাৎ কর্ত্তা বলে সম্বোধন করলেন?

- আজ্ঞে বাঙালি মালিকানা তো।তাই 'স্যার' এর থেকে কর্ত্তাটাই বেশি উপযুক্ত মনে হলো।

- আচ্ছা, সে ঠিক আছে।অবশ্য আমরা যাদের সাথে ব্যবসা করি তারা কিন্তু সম্পূর্ণরূপে আন্তর্জাতিক। কাজেই কর্মক্ষেত্রে আপনাকে সাধারণ এবং বাহ্যিক জ্ঞানে পারদর্শিতার পরিচয় দিতে হবে।ইংরাজিতে বার্তালাপ্ করা তার মধ্যে অন্যতম।

- সে আপনি কিছু ভাববেন না কর্ত্তা।আমি 'জ্যাক অফ অল ট্রেডস' মানে সব জায়গায় কলকাঠি নাড়তে ওস্তাদ।

- তাই বুঝি? তা এই পদের উপযুক্ত মনোনীত হবার জন্য আপনাকে আমি বিজ্ঞান, ইতিহাস, সাহিত্য, খেলাধুলা, খাদ্য এবং আরো অনেক বিবিধ বিষয় নিয়ে বেশ কিছু প্রশ্ন করবো।সে সব প্রশ্নের সঠিক উত্তর দিতে পারলেই আপনি এই পদের উপযুক্ত বলে গণ্য হবেন।

- বলেন কি স্যার, তাহলে তো আপনাদের রাজনীতিক নেতাদের ডেকে সাক্ষাৎকার নেওয়া উচিত ছিল।কারণ এতো বিষয়ে জ্ঞান দেবার সাহস বোধহয় তাদের ছাড়া আর কারোর নেই!

- কি বললেন?

- না, মানে ঠিক আছে।আপনি প্রশ্ন করুন, আমি উত্তর দেওয়ার চেষ্টা করছি।

- পৃথিবীর সবচেয়ে দামি জিনিস কোনটি?

- সময়ে সাহায্য পাওয়া।এই ধরুন আপনি যদি ইন্টারভিউয়ের আগে আমাকে ইন্টারভিউয়ের প্রশ্নপত্রটি হস্তান্তরিত করে দিতেন তাহলে সেটা আমার কাছে পৃথিবীর সবচেয়ে দামি জিনিস হতো।

- পৃথিবীর সবচেয়ে সস্তা জিনিস কি?

- বিনামূল্যে উপদেশ।আপনি না চাইতেই পেয়ে যাবেন।যেমন পাড়ার ঘোষ গোয়ালাও আমাকে ইন্টারভিউয়ের জন্য মাথা ঠান্ডা রাখার উপদেশ দিয়ে গেলো।

- আচ্ছা, 'আজ কাল বড় লাট মাঠে হাওয়া খেতে যান' - এই বাক্যটির ইংরাজি কি হবে?

- 'Today tomorrow big circle eating air vehicle in field'.

- সাংঘাতিক!!! ইংরেজিতে আপনার পারদর্শিতা দেখে আমার মূর্ছা যাবার উপক্রম।

- তা তো হবেই কর্ত্তা।'পিওর' ইংরাজি আর কয় জন বলতে পারে বলুন!

- রাবিশ! এবার বলুন তো বর্তমানে ভারতবর্ষের সবচেয়ে শক্তিশালী ক্ষেপণাস্ত্রের নাম কি?

- মিডিয়ার বুলি।সেনার গুলির চেয়ে মিডিয়ার বুলি আমাদের শত্রুপক্ষকে অনেক বেশি আঘাত করে ।

- খুব হয়েছে।গত দশকের সবচেয়ে সেরা বৈজ্ঞানিক আবিষ্কার কি?

- Mitron (মিত্রোঁ) - Electron, Proton, Neutron, Positron এর পর প্রধানমন্ত্রীর Mitron হচ্ছে সবচেয়ে যুগান্তকারী আবিষ্কার। ধনী থেকে দরিদ্র, মালিক থেকে চাকর, ব্যবসায়ী থেকে চাকুরীজীবি, খেলোয়াড় থেকে চিত্রাভিনেতা-নেত্রী সবাই সন্ধ্যেবেলায় টিভির সামনে বসে ওই একটি উচ্চারণ শুনলেই তটস্থ ।

- আচ্ছা, এই যে আমেরিকা যুক্তরাষ্ট্র আর ইরাক এর মধ্যে যুদ্ধ হলো এটা সম্বন্ধে আপনার কি মতামত।

- এটাই তো স্যার "Global Warming"।

- মানে?

- মানে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে যখন আমেরিকা এবং সোভিয়েত ইউনিয়ন এর মধ্যে ক্ষমতার দখল এর লড়াই শুরু হলো, তখন বিশেষজ্ঞরা সেটাকে "Cold War" বলে চিহ্নিত করলো।সোভিয়েত ইউনিয়ন অত্যন্ত ঠান্ডা প্রদেশ।ইদানিং আমেরিকা আফগানিস্তান, ইরাক এইসব দেশের সাথে লড়াই চালাচ্ছে। এগুলো সব গরম প্রদেশ। তাই এটিকে বলা হচ্ছে "Global Warming"।

- আচ্ছা COVID-19 কথাটার পুরো কথাটা কি?

- কোরোনা অতি ভয়ঙ্কর, ইহাকে ডরাও।

- এমন একটি খেলার নাম বলুন যাতে আমাদের দেশ বিশ্বমঞ্চে অনেক ভালো প্রদর্শন করেছে।

- দাবা মানে "Chess"।

- তার কারণ কি?

- আমরা মানে ভারতীয়রা জায়গা দখল করতে চিরকালই ভালোবাসি - নেতারা সংসদে জায়গা দখল করে, প্রমোটররা শহরের জমি-জমা দখল করে, হকাররা রাস্তার জায়গা দখল করে, এমনকি ডেইলি প্যাসেন্জাররা ট্রেনে বসার জায়গা দখল করে। দাবা খেলাটা সম্পূর্ণ রূপে দখলের খেলা - প্রতিপক্ষের ঘুটি কেটে নিজের জায়গা বানিয়ে নাও। সেটা আমাদের চেয়ে ভালো আর কে পারবে বলুন? এক অর্থে বলতে পারেন আমরা এটাতে জন্মসিদ্ধ।

- আপনার সাধারণ জ্ঞান মা গঙ্গারাম।তাহলে পুঁথি ভিত্তিক কিছু প্রশ্ন করি।বলুন তো "Islets of Langerhans" কোথায় থাকে?

- "Langerhans" মহাশয় এর কাছে।

- আপনার মুন্ডু।'অনকোলজিস্ট' কাকে বলে?

- যে অংক করায়।

- তাহলে 'ম্যাথেমেটিশিয়ান' কে?

- মাথা মোটা সেয়ানে! সে তো আমাদের পাড়ার গজেন বাবু মশাই। বকুলতলা প্রাইমারি স্কুলে ক্লাস ফাইভ পর্যন্ত গণিত পড়ান।সব ব্যাপারে মাতব্বরি করতে ছাড়েন না।

- কি রকম?

- এই তো গত বছর কি সব হিসেবে নিকেশ করে পাড়ার ক্লাবের দুর্গাপুজোর জন্য প্যান্ডেলের নকশা তৈরি করে দিয়েছিলেন। সেই নকশা মতন প্যান্ডেল তৈরী করেই তো যত বিপদ। দশমী অব্দি আর যেতে হয়নি, অষ্টমীর রাত্রের সামান্য শরতের হাওয়াতেই ঝাড়বাতি সমেত পুরো প্যান্ডেল পপাত-চ। পাড়ার চ্যাংড়ারা তো গজেনবাবু কে এই মারে কি সেই মারে, নেহাত কিছু বয়স্ক লোকের হস্তক্ষেপে বেঁচে গেলেন। উনি অবশ্য বলেছেন যে প্যান্ডেলের বাঁশ ও দড়ি পচা ছিল, ডিজাইনে কোনো ভুল ছিল না।

- ধুস।আচ্ছা 'ফাদার অফ ইউরোপ' কাকে বলা হয়?

- শালার মা।

- কি বললেন?

- না মানে কর্ত্তা ফরাসি উচ্চারণ গুলো বড়ই খটোমটো। আমি "Charlemagne"-ই বলতে চেয়েছিলাম।

- হাহ! আপনাকে আগেই বলেছি আমাদের অংশীদার এবং ক্রেতারা বেশিরভাগই আন্তর্জাতিক।ব্যবসায়িক সম্মেলনে 'ড্রিংক' একটি অপরিহার্য বিষয়।আপনার ড্রিংক এর সম্বন্ধে জানা আছে?

- আছে বৈকি কর্ত্তা।

- আপনি নিজে 'ড্রিংক' করেন?

- মানে আমি "Passive Drinker"।

- সেটা আবার কি জিনিস?

- বুঝলেন না কর্ত্তা - যেমন "Passive Smoker" হয় তেমনি আমি "Passive drinker"। নিজে ড্রিংক করি না কিন্তু যাদের সংস্পর্শে ওঠাবসা করি তারা নিয়মিত ড্রিংক করে। তাদের সান্নিধ্যে বসে একটু আধটু alcohol fumes কি আর নাক দিয়ে ঢোকে না। তাই বলছিলাম আমি "Passive drinker" ।তাদের কৃপায় অনেক ড্রিঙ্কের বিষয়ে অবগত হয়েছি।

- আচ্ছা, কয়েকটা 'স্কচ' এর নাম বলুন তো?

- 'হপস্কচ', 'বাটারস্কচ', 'ঘটোৎকচ ' ...

- থামুন, থামুন ... horrible ...

- যা বলেছেন কর্ত্তা।হরিবোল বলে হরিবোল।

- মানে? হরিবোল আবার কোথা থেকে আসলো?

- এই যে আপনি স্কচ গুলোর নাম শুনে হরিবোল বললেন।আমিও আগে আপনার মতনই ভাবতাম কি না কি।তারপর দেখার পর বুঝতে পারলাম যে মাল সব এক জিনিস - সে দেশি-ই হোক কি বিলিতি।

- আমি সেই জন্য horrible বলিনি, আপনার কাল্পনিক স্কচ এর নাম গুলো শুনে বলেছি।বেশ, বলেই যখন ফেলেছি তখন বলুন তো এই horrible শব্দটি কোথা থেকে এসেছে?

- আজ্ঞে ব্রিটিশরা যখন বাংলা দখল করলো, তখন বাঙালিদের মুখে "হরিবোল"ও শুনলো।সেই হরিবোল বুলির ইংরিজি রূপান্তর হচ্ছে "horrible"।

- বুঝলাম। আপনাকে এখানে স্থান দিলে আমাদের খুব শীঘ্রই আমাদের সংস্থানের হরিবোল হয়ে যাবে মনে হচ্ছে।

[বেশ কিছুক্ষণের নীরবতা]

- আচ্ছা কর্ত্তা তাহলে আমার চাকরিটা হচ্ছে কি?

- না, হচ্ছে না।

- ভুল করলেন কর্ত্তা।মোটামুটি কোনো প্রশ্নের উত্তর না জেনেও দিব্বি আধ ঘন্টা আপনার সাথে গেঁজিয়ে কাটিয়ে দিলাম। Sales Department এ রেখে দেখতে পারতেন।অচল মালও মুখের জোরে চালিয়ে দিতাম।

- ব্যাপার কি জানেন, আপনার মতন প্রতিভাশালী ব্যক্তিত্ব আমাদের প্রতিষ্ঠানের জন্য 'ওভার কোয়ালিফায়েড'।আপনি বরং সংসদ ভবনে দরখাস্ত করে দেখুন।আপনার অগাধ জ্ঞানের উপযুক্ত মূল্যায়ন এবং সদ্গতি সেখানেই সম্ভব।নমস্কার!

মৈনাক বঙ্গ, *ভার্জিনিয়া টেক বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর উপাধি অর্জন করে বর্তমানে ইন্টেল, ফলসম এ কর্মরত।পেশার বাইরে উনি সাহিত্য, খেলাধুলো এবং সংগীত নিয়ে ব্যস্ত থাকেন।*



"পুরনো পুজোর কথা"

"আশ্বিনের শারদ প্রাতে বেজে উঠেছে আলোকমঞ্জির,
ধরনীর বহিরাকাশে অন্তরিত মেঘমালা,
প্রকৃতির অন্তরাকাশে জাগরিত;
জ্যোতির্ময়ী জগতমাতার আগমন বার্তা,
আনন্দময়ী মহামায়ার পদধ্বনি,
অসীম ছন্দে বেজে উঠে,
রূপলোক ও রসলোকে আনে নবভাবনা ধূলির সঞ্জীবন,
তাই আনন্দিতা শ্যামলী মাতৃকার চিন্ময়ীকে মৃন্ময়ীতে আবাহন,
আজ চিচ্ছক্তি রূপিণী বিশ্বজননীর শারদশ্রী বিরন্ডিতা প্রতিমা,
মন্দিরে মন্দিরে ধ্যানবোধিতা ..."

মহালয়ার সকালটা এই ভাবেই শুরু হয় প্রত্যেক বাঙালীর ঘরে ঘরে। অন্যান্য দিন "আর পাঁচ মিনিট ঘুমোতে দাও না মা" বলে জেদ ধরলেও, রেডিওতে বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের গলায় "আশ্বিনের শারদ প্রাতে বেজে উঠেছে আলোকমঞ্জির" শুনলেই মনের মধ্যে গ্রামোফোনের পিনটা বাজতে শুরু করে।"বাজলো তোমার আলোর বেণু, মাতল রে ভুবন" - মহালয়া দিয়ে দেবী পক্ষের সূচনা করে প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া এইভাবে যতদিন এগোতে থাকে, পুজোর গন্ধেতে মোহিত হয়ে বই এর সঙ্গে সম্পর্কটা ততটাই কমতে থাকে।পাড়ায় পাড়ায় শুরু হয় শেষ মুহূর্তের প্রস্তুতি।আমাদের পাড়ায় একটা ঠাকুর গড়ার শিল্পালয় আছে, স্কুল আসা যাওয়ার পথে প্রতিদিন ঢুঁ মেরে যেতাম।বড় সুন্দর লাগতো দেখতে, কিভাবে খড়ের ওপর ধীরে ধীরে মাটির প্রলেপ লাগিয়ে একটু একটু করে একটা আস্ত প্রতিমা তৈরি হয়।এ এক আশ্চর্য উত্তেজনা - "জাগো দুর্গা, জাগো দশপ্রহরণধারিণী"। স্কুলে পুজোর ছুটি পড়ার দিনটা ছিল খুব আনন্দের। সবাই নিজেদের নতুন জামা পড়ে বেশ সেজেগুজে স্কুলে যেতাম।এ এক অন্য স্বাধীনতার স্বাদ।তার পরের দিন থেকেই বেজে যেত আমাদের পুজোর ছুটির ঘণ্টা।

"ছুটির মেজাজে ছুটি দুহাত বাড়িয়ে ছুটি
যাই হারিয়ে সব ছাড়িয়ে
বাজলো ছুটির ঘন্টা,
বাজল ছুটির ঘন্টা।"

চারিদিকে হলুদ বাল্বের রোশনাই, বড় বড় বাড়ির গা বেয়ে নেমে আসা লাল-নীল-সবুজ টুনির মালা যেন অস্ফুটে বলে উঠতো "মা আসছে" ব্যস্ শুরু হয়ে গেল হইচই। পুজোর শেষ মুহূর্তের কেনাকাটার জন্য হুড়োহুড়ি।উন্মাদনার শেষ নেই।নতুন জামা হলেই মনে শান্তি কই! চাই জামার সঙ্গে মানানসই সাজ-সন্তার, আরও কতকি! বাপরে বাপ সে এক এলাহি প্রস্তুতি।

আর এর মধ্যে যেই বাড়িতে আসতো, ঝাঁপিয়ে পড়ে তাঁর সামনে বসে যেতাম নিজের পুজোর জামার পসরা সাজিয়ে।এছাড়াও কার কটা জামা হল সেই নিয়ে পাড়ার বন্ধুদের বা ভাই বোনেদের মধ্যে পাগলামো ছিল তুঙ্গে।

আমাদের পুজো শুরু হতো মোটামুটি ষষ্ঠী থেকে।আর পুজো শুরু মানেই ঠাকুর দেখতে যাওয়ার পালা।তখন থিম পুজো ধীরে ধীরে জনপ্রিয় হচ্ছে। কোথাও মাটির ভাঁড় এর প্যান্ডেল, কোথাও বা রং করার তুলি দিয়ে নানান কারুকাজ। এইভাবেই আধুনিকতার ধারা বইল পুজোর সাবেকিয়ানার স্রোতের মধ্য দিয়ে।

কলেজে উঠে বন্ধুদের সঙ্গেও দেদার মজা হত ঠাকুর দেখতে গেলে, হেঁটে হেঁটে ঠাকুর দেখতে দেখতে কত যে কাণ্ড হত! কারও কারও নতুন জুতো পরে হয়ত ফোস্কা পরল, তাতে কি! উদ্দামে কোনও ঘাটতি নেই।
এতসব কথার মাঝে পুজোর ভুরিভোজকে কি আর বাদ দেওয়া যায়! অষ্টমীর লুচি ছোলার ডাল থেকে দশমীর কচি পাঁঠার ঝোল সব একদম লিস্টি করা থাকতো।কোনদিন পাড়ার প্যান্ডেল আর কোনদিন রেস্তোরাঁ তে খাওয়া হবে সেটা পাড়ার মেনু দেখে আলোচনা করে নিতাম বন্ধুরা মিলে।পুজোর সেইসব দিনের কথা মনে পড়লে আজও মন টা আনমনা হয়ে যায়।মনে হয় বেশ ছিল আড্ডা- গল্প-হাসি-ঠাট্টা নিয়ে পুজোর দিন গুলো।

"আগে কি সুন্দর দিন কাটাইতাম আমরা
আগে কি সুন্দর দিন কাটাইতাম"

পুজোর চারটে দিনের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িয়ে থাকে পুজোয় খুঁজে পাওয়া ভালোবাসা। সপ্তমীতে "প্রথম দেখা", অষ্টমীতে "হাসি" এর মতোই মিষ্টি।অষ্টমীর অঞ্জলি থেকে নবমীর ভোগ সবেতেই ভালোবাসার মানুষটা অগ্রাধিকার পেয়ে যেতো।তবে বেশিরভাগ ক্ষেত্রেই মায়ের মূর্তি বিসর্জনের সঙ্গে সঙ্গেই পুজোয় খুঁজে পাওয়া এই ভালবাসাও বিলীন হয়ে যেতো।

আর ছিল পুজোর গান, প্যান্ডেলে প্যান্ডেলে মাইকে সে বছরের সেরা গান ও পুজো উপলক্ষে নানান গুণী শিল্পীদের গাওয়া গান বাজানো হতো।সেখানেই "এক কাপ চা এ আমি তোমাকে চাই" বলতে বলতে কখন যে "বারান্দায় রোদ্দুর" গড়িয়ে পড়ল সময়ের দাঁড়িপাল্লা চেপে, টেরই পেলাম না। আবার "তুমি আসবে বলেই আকাশ মেঘলা, বৃষ্টি এখনও হয়নি" এতো বড়ো ভরসা দিয়েছিল বলেই "বেণী মাধব" এর খোঁজ করতে করতে আচমকাই "ঢাকের তালে" এর সঙ্গে পা মিলিয়েছিলাম।

এই সব কিছু থেকে দূরে প্রবাসে পুজোর সময়টা বড্ড একা লাগে, মনটা ভার হয়ে যায় ফেলে আসা পুজোর দিনগুলোর জন্য।মা-বাবা দুঃখ করে বলে," কিরে এ বছরও পুজোয় বাড়ি আসবি না?" কাশ ফোটে, ঢাক বাজে, অঞ্জলি হয়, এইসব থেকে শত যোজন দূরে আমরা বসে ভাবি-

"ওখানে নীল, বেড়েছে পুজোর আকাশে,
এখানে শরত ভীষণ ফ্যাকাশে
আগমনীর খুশিতে মুখে হাসি,
এখানে শরত প্রবাসী
দুচোখে শিশির দল,
বেঁধেছে জল নোনতা
ফিরে ফিরে তাকায় মনটা"

***পৌলোমী চ্যাটার্জী**, ইউনিভার্সিটি অফ ক্যালিফর্নিয়া, ডেভিস-এর ডিপার্টমেন্ট অফ মাইক্রোবায়োলজি ও মলিক্যুলার জেনেটিক্স এ পোস্ট-ডক্টরাল ফেলো।*

শ্যামল চৌধুরী

নদীর পাড়ে বসত

আমার জন্ম চট্টগ্রামের চাঁনখালী খালের পাশে বাকখালী গ্রামে যেখানে দিবানিশি জোয়ার ভাটা খেলা করে। চাঁনখালী খালের সঙ্গে যুক্ত হয়েছে শ্রীমাই খাল যা বর্ষার সময় পাহাড়ি ঢল ও বালি এনে চাঁনখালীর মধ্যে ফেলে। ফলে চাঁনখালী ভরাট হয়ে যায়, নাব্যতা হারায়, বোরো ধান চাষের জল হারায় এবং বর্ষায় পটিয়া উপজেলাকে বন্যাক্রান্ত করে।ষাট দশকে এরকম এক প্রবল বন্যার দিনে আমাদের গ্রামের মাটির বাড়িটি ধ্বসে যায়। ধ্বসে যায় পড়শীর বাড়িটিও, বেরিয়ে আসে হলুদ হয়ে যাওয়া ভারতী ও অন্যান্য সাহিত্য পত্রিকা। থৈ থৈ বন্যার মধ্যে পড়ে ফেলি দু'একটি গল্প। এদিকে বন্যাক্রান্ত আত্মীয় স্বজন আমাদের পটিয়া শহরের বাড়ীতে আশ্রয় নেয়।এই বন্যা আমার মনে স্থায়ী ছাপ ফেলে।ছোটবেলা থেকে নদী ও জলজ প্রকৃতি সম্পর্কে আমার কৌতুহল জাগে।আমার ধাইমা রূপনবালা জলদাসী ছিলেন ধীবর সম্প্রদায়ের মানুষ।তাঁর জীবন ছিল নদী কেন্দ্রিক, মাছ ধরা, মাছ বিক্রি করা তাঁর পেশা।মৎসজীবি রূপনবালা যেন চাঁনখালী খালের সন্তান. তাঁর নদী কেন্দ্রিক জীবনের কথা প্রায়ই স্মরণে আসে। সাম্পানের মাঝি সালেহার বাপের কথা মনে আসে। তিনি সাম্পান যোগে আমাদেরকে পিসির বাড়ি খালকুইল্যা (নদীতীরের) বাতাসের তিসরি গ্রামে নিয়ে যেতেন।চাঁনখালী খালের মাধ্যমে আমার পিসির বাড়ি যাওয়া আসার সময় জোয়ার ভাটার সময় মেনে চলতে হতো। মানে ভাটার সময় দক্ষিণে পিসির বাড়ী যেতে হবে, আর জোয়ারের সময় নিজেদের বাড়ীতে ফিরতে হবে।প্রকৃতি থেকে প্রাপ্ত হাইড্রলিক জ্ঞানের অধিকারী মাঝি চেষ্টা করতেন জোয়ার থাকতেই টেগরপুলি গ্রামের কাছে শ্রীমতি খালের সংযোগস্থলের বালি পড়া অংশটা যেন পার হয়ে যেতে পারেন।জোয়ার ভাটার নিরন্তর সময় পরিবর্তনের জন্য দায়ী পৃথিবী ও চাঁদের মধ্যাকর্ষণের টানের ব্যাপারটা বুঝতে না পারলেও এনিয়ে আমার কৌতুহলের অন্ত ছিল না।মনে পড়ে মাঝি 'সালেহার বাপের' হাঁক 'জোয়ার আসছে, চলো চলো, দেরী হয়ে যাচ্ছে'। কারণ এই যে এই জোয়ার মিস্ করলে পরের দিনের জোয়ারের জন্য অপেক্ষা করতে হবে।আমার জন্য জোয়ার মিস করা খারাপ কিছু নয়, পিসির বাড়িতে চিংড়ি মাছ ও পিঠা আরো একদিন খাওয়া যাবে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় কর্তৃপক্ষ 'ওয়াটার রিসোরসেস ইনজিনিয়ারিং' (Water Resources Engineering) ডিপার্টমেন্ট খোলার সিদ্ধান্ত নেন। এরমধ্যে ১৯৭৪ সালে বাংলাদেশ বিধ্বংসী বন্যার কবলে পড়ে । ক্ষুধার্ত মানুষ উচ্ছিষ্টের আশায় আমাদের হলের সামনে ভীড় জমায়। এই বন্যার ঘটনা আমাকে নদী ও জলের ইনজিনিয়ারিং পড়ার প্রেরণা জোগায়। এরপর এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজীতে নদী ও সাগর বিষয়ে স্নাতকোত্তর লেখাপড়া করি।

আমাদের সেডিমেন্ট ইনজিনিয়ারিং (Sediment Engineering) পড়াতেন মিস্টার ওভারবিক। তিনি একজন ডাচ্ ভদ্রলোক, তাঁর অনেক কাজের অভিজ্ঞতা, তিনি পড়াতেন পৃথিবীর বিভিন্ন দেশের নদী সম্পর্কে, যেমন ইউরোপের রাইন, কলাম্বিয়ার ম্যাগডেলেনা, ভারতের গঙ্গা, বাংলাদেশের ব্রহ্মপুত্র, চীনের পো এবং লাওসের মেকং। পড়াতে গিয়ে তিনি বললেন, বাংলাদেশের চাঁদপুরের মেঘনা নদীর বিশালতা দেখে তিনি থমকে গিয়েছিলেন। ইঞ্জিনিয়ারিং বই বন্ধ রেখে কিছুক্ষণের জন্য প্রকৃতির শোভা উপভোগ করেছেন, ভেবেছেন অংকের মাধ্যমে এই বিশাল নদীর গতি প্রকৃতি সত্যই নির্ণয় করা যাবে কিনা, পরবর্তী জীবনে নীরদ চৌধুরীর বর্ণনায় চন্দ্রালোকিত মেঘনা নদীর বর্ণনা পড়ে মিঃ ওভারবিকের কথা মনে হয়েছে।

ইনজিনিয়ারিং পেশার পাশাপাশি সাহিত্য ও শিল্পকলায় নদীর বর্ণনা (treatment) সম্পর্কে আমার আগ্রহ বাড়তে থাকে।হাতে আসে অদ্বৈত মল্ল বর্মনের উপন্যাস 'তিতাস একটি নদীর নাম'।পড়তে গিয়ে প্রথম পাতাতেই চোখ আটকে যায়, "পল্লী রমনীর কাঁকনের দুই মুখের মধ্যে যেমন একটু ফাঁক থাকে, তিতাসের দুই মুখের মধ্যে রহিয়াছে তেমনি একটু খানি ফাঁক – কিন্তু কাঁকনের মতই বলয়াকৃতি" ।নদীর বাঁককে কাঁকনের সঙ্গে তুলনা লেখকের ভূতাত্বিক পর্যবেক্ষণের গভীরতা প্রমান করে। আমাকে উদ্বুদ্ধ করে ম্যাপ দেখতে তিতাসের মুখের কেমন পরিবর্তন হয়েছে ১৯৫৬ সালের পর। এখানে এসে আমার ইনজিনিয়ারিং চিন্তা ভীড় করে। পৃথিবীর বুকে ঘটে যাওয়া নদীখাত পরিবর্তনের সকল ইতিহাস ও ভূগোল জানতে ইচ্ছে হয়। ৩৫,০০০ ফুট উচ্চতায় প্লেন যাত্রার সময় নির্নিমেষে তাকিয়ে থাকি নদীগুলোর দিকে। সেরকম এক যাত্রায় দেখেছি হারিয়ে যাওয়া অ্যারাল সি (Aral Sea) ।

ছেলেবেলায় আমাদের গ্রামের মাষ্টার তরনীসেন বড়ুয়ার দেয়া রাহুল সাংকৃত্যায়নের 'ভোলগা থেকে গংগা' বইটি পড়ে মোহিত হয়েছি। পড়ে এই বইয়ের এককপি সংগে রেখেছি। 'ভোলগা থেকে গংগার' খৃষ্টপূর্ব ৬০০০ সালের গল্পে পড়ি, "শীতের সময় নদী হয়ে যায় জমাট বরফ, শীতের অবসানে আবার বিগলিত ধারায় প্রবাহিত হয়" । এরপর ফাষ্ট ফরোয়ার্ড ১৯৯৯ সাল, আমেরিকায় তখন চাকরি শুরু করি। জমাট বরফের উপর বৃষ্টি পড়ে কত জল প্রবাহ হতে পারে এ ধরনের অংক করতে থাকি। কোন সময় বেশী পরিমান জল প্রবাহ হিসাব করলে, প্রতিবাদ শুনতে হয়, একি করলেন, এ যে দেখি নূহ নবীর আমলে বাইবেলে বর্ণিত বন্যার চাইতেও বেশী। মনে হয় ভুল করিনি তো? 'ভোলগা থেকে গঙ্গার' সুমের গল্পে ১৯৪২ সালে পাটনা শহরের কাছে "বাঁধ থেকে বিঘত খানিক নীচে দিয়ে গংগার জলরাশি প্রবাহিত হবার কথা আছে। আরো আছে "ঝুড়ি কোদাল নিয়ে হাজার মানুষ তৈরী, কিন্তু সকলের মনেই গভীর সন্দেহ, গঙ্গার বাঁধকে আরো এক ইঞ্চি উঁচু করা সম্ভব কিনা" । গঙ্গার বাঁধের মতোই পৃথিবীর অন্যান্য নদীর পাড়ে দাঁড়িয়ে মানুষ বন্যা মোকাবিলা করে। কোনো কোনো সময় নিজের বাঁধকে রক্ষণ করার জন্য মানুষ তার অপর পারের বাঁধও কেটে দেয়। এরকম দেখেছি বাংলাদেশের সাতক্ষীরা ও কুমিল্লা এলাকা ও ক্যালিফোর্নিয়ার স্যাক্র্যামেন্টো এলাকায়। সাতক্ষীরা অঞ্চলে এরকম বিবদমান দুই গোষ্টীর মধ্যে বাঁধ কাটাকাটির বাক বিতন্ডার মধ্যে পড়ে গিয়েছিলাম। তখন মনে হয়েছিল ইনজিনিয়ারিং বিদ্যা ছাড়াও পলিটিক্যাল সায়েন্স ও Social Science পড়া উচিত ছিল। তা নাহলে জলের সমস্যা সমাধান করা কঠিন।

প্লাবন ও বাঁধের সংগে আমার পেশা ওতপ্রোত ভাবে জড়িয়ে পড়ে। বাংলাদেশে বাঁধ ও বন্যা নিয়ন্ত্রণের কাজ করলাম দশ বৎসরেরও বেশী, আমেরিকাতে কুড়ি বৎসরেরও বেশী। ঘুরে দেখতে হয়েছে অনেক নদী। কোনটি সাগরের কাছাকাছি কোনটি পাহাড়ের উপর, অনেকগুলি বাংলাদেশের সীমান্ত অঞ্চলে, কোনটি হাওর অঞ্চলে, কোনটি চলন বিলে।দেখেছি নিশ্চল ব্যাকওয়াটার (backwater) ও বিপরীত দিক থেকে আসা থমকে থাকা জোয়ারের জল।মুখোমুখি হয়েছি নদীপথে ঢুকে যাওয়া সাগরের উত্তাল তরঙ্গের (surge)।

সেরকম তরঙ্গের মুখোমুখি হয়ে আমি ভয় পেলেও, বোটচালক বেজায় সাহসে তরঙ্গকে অতিক্রম করেছেন। বলা যায়, মাঝি মাল্লা, বোটচালক ও কৃষকের কাছে হাইড্রলিক পাঠ নিয়েছি। আমেরিকায় hydraulic modelling কাজে আত্মনিয়োগ করার পর, সেইসব নাম না-জানা মানুষের কথা স্মরণে আসে। পৃথিবীর পাঠশালায় প্রকৃতি থেকে অর্জিত জ্ঞানের জন্য তাঁদেরকে শিক্ষকের সম্মান দেই। নদীর প্রবাহের সংগে জড়িয়ে থাকে পলি জমা ও নদী ভাঙ্গনের কাহিনী। কোথায় কেন পলি জমেছে, কেন নদী ভাঙছে এ বিষয়ে লঞ্চ ও স্টীমার চালকদের পর্যবেক্ষণ প্রখর। বইয়ের জ্ঞানের বাইরে নদীর বুকে ঘোরাঘুরির সময় তাঁদের অভিজ্ঞতা শুনে ঋদ্ধ হয়েছি। অমিতাভ ঘোষের উপন্যাসে 'Hungry Tide' সুন্দরবন অঞ্চলের একজন মাঝির দেখা মেলে।

পৃথিবীর কোন কোন নদীর একটি আধ্যাত্মিক দিক আছে, যেমন ভারতের গঙ্গা, জর্ডানের জর্ডান নদী ও কলম্বিয়ার ম্যাগডেলেনা নদী। ম্যাগডেলেনা নদীকে যদিও কখনো দেখিনি, তবুও সে আমার জ্ঞানের জগৎ ও চেতনার জগতে বিরাট স্থান দখল করে আছে। পূর্বোক্ত মিঃ ওভারবিক আমাদের এই নদীর উপর sediment transport বিষয়ে অনেক অংক শিখিয়েছিলেন। ডাচ্ ইনজিনিয়ারদের এই থিয়োরীগুলো আমেরিকায় প্রয়োগ না করলেও ডাচ্ প্রভাবিত দেশ কলম্বিয়াতে এই ধরনের অংকের অনেক চল আছে। যাহোক ম্যাগডেলেনা নদীর কথা ভাবতেই কলম্বিয়ার নোবেল পুরস্কার বিজয়ী সাহিত্যিক গ্যাবরিয়েল গার্সিয়া মারকোয়েজ সাহেবের কালজয়ী উপন্যাস 'Love in the Time of Cholera' কথা মনে আসে। ম্যাগডেলেনা নদী এই উপন্যাসের সেটিং। আরো কত যে কবিতা ও গান রচিত হয়েছে এই নদী নিয়ে, ভারতের গঙ্গার মতোই। ম্যাগডেলেনা আবার বাইবেলের একটি চরিত্র।

কাজ ছাড়াও বেড়াতে গিয়ে অনেক নদীতে ঘুরেছি, নৌকা চালিয়েছি আমেরিকা, ভারত, নেপাল ও থাইল্যান্ডে। ২০১৭ সালে ভারতের কেরালা রাজ্যের ব্যাকওয়াটারের স্মৃতি খুবই নিকটের। হাউসবোট, করিমন মাছের ঝোলসহ লাঞ্চ, ভারতীয় কম্যুনিষ্ট পার্টির লাল ঝান্ডা ও পাশাপাশি মন্দির, মসজিদ ও গির্জার সহাবস্থান – এইসব দৃশ্য স্মৃতিতে ভীড় করে। চম্পা নদীর উপর যাবার সময় দুপারের সরু বাঁধ, জল প্রবেশ ও নিকাশের জন্য স্ট্রাকচার দেখে, ভ্রমণ ছেড়ে রিভার ইনজিনিয়ারিং করার সাধ হয়। আমি আমেরিকা ফিরে আসার কিছুদিন পর চম্পা নদী ও সমগ্র কেরালা প্লাবনে ভেসে যায়। তাঁদের ড্যামগুলো ভেঙ্গে পড়বার উপক্রম হয়।

এখন কাজ করছি স্যাক্রামেন্টো এলাকার আমেরিকান রিভার নিয়ে। জানিনা সময়ের নদী এই নদী সাধককে এরপর কোথায় নিয়ে যায়। কোন নদীতে?

ভাবি, আমাদের চাঁনখালী খাল ভরে যাবার পর আমার ধাইমা রুপনবালা জলদাসীর পরবর্তী প্রজন্মের কি হবে? মৎসজীবি মানুষ তাদের জীবিকা হারাবে?

শ্যামল চৌধুরী, *স্যাক্রামেন্টো নিবাসী এবং পেশায় প্রকৌশলী।*

ভজনের জন্য একটি প্রার্থনা সংগীত

বহু বৎসর আগে রবিবার সকালে।স্বর্গীয় পঙ্কজ কুমার মল্লিকের গলায় রেডিওতে এ গানটি আমি শুনেছিলাম।এর নাম ছিল সংগীত শিক্ষার আসর। বলা বাহুল্য খুব ভালো লেগেছিলো।তারপর দিন কেটে গেছে। মাসখানেক আগে আমার নাতনি একটা গান শোনালেন, আমি তাজ্জব। লক্ষীশঙ্কর রেকর্ড করেছে। সবাই বিশেষ ভাবে ধন্যবাদ দিচ্ছে। মহাত্মা গান্ধীর খুব প্রিয় ছিল। আমি আপনাদের সাথে আমার আনন্দ ভাগ করলাম।

বৈষ্ণব জন ত তৈনে কহিয়ে যে, পীড় পরাই জানে রে।
পর দুঃখে উপকার করে তোয়ে, মন অভিমান না আনে রে। ১।
সকল লোকমান সহুনে বন্দে, নিন্দা না করে কেনী রে।
বাচ কাছ মন নিশ্চল রাখে, ধন-ধন জননী তেনী রে। ২।
সমদৃষ্টি নে তৃষ্ণা ত্যাগী, পর-স্ত্রী জেনে মাত রে।
জিব্হা থকী অসত্য না বোলে, পরধন না ঝালি হাথ রে। ৩।
মোহ-মায়া ব্যাপে নহি জেনে, দৃঢ় বৈরাগ্য যেনা মন মান রে।
রাম নাম সুন্ তালি লাগী, সকল তীরথ তেনা তন্ মান রে। ৪।

কবি নরসিং মেহতা যে ভাষায় লিখেছেন সে তো বাংলা নয়, তাই একটু অনুবাদ করা হলো। বৈষ্ণব তাকেই বলা যায় যে প্রেম বিলোতে জানে, পরের দুঃখে উপকার করে নিরহংকার থাকতে জানে। সে সকল লোককে সমদৃষ্টিতে দেখে, কখনও কারো নিন্দা করে না যে অন্যের বাক্যে নিশ্চল থাকে ধন্য তার জননী। পরস্ত্রীকে নিজের মা মনে করে এবং পর দ্রব্যতে দৃষ্টি দেয় না। নিজ মুখে অসত্য কথা বলে না। বৈরাগ্য আশ্রিত জীবনে রামনাম করে তীর্থে বাস করে।

মনে হয় সম্পূর্ণটা পুঙ্খানুপুঙ্খ ভাবে তুলে ধরতে পারলাম না, কিন্তু ২২টা দেশে এই গান চলছে।

***মঞ্জু রায়চৌধুরী**, অশীতিপর, গ্র্যানাইট বে - তে অবসর জীবন যাপন করছেন। বাংলা ভাষা, রবীন্দ্র-সাহিত্য ও সংগীতের প্রতি তার আনুগত্য তাঁকে লেখালেখি ও পড়াশোনায় ব্যস্ত রাখে।*

বৈশ্ণব জন তো তেনে কহিয়ে জে, পীড় পরায়ী জাণে রে |
পর-দুখ্খে উপকার করে তোয়ে, মন অভিমান না আণে রে | 1 |
বৈশ্ণব জন তো তেনে কহিয়ে জে ...

সকল্ লোক মান সহুনে বংদে, নীংদা ন করে কেনী রে |
বাচ কাছ মন নিশ্চল রাখে ধন-ধন জননী তেনী রে | 2 |
বৈশ্ণব জন তো তেনে কহিয়ে জে ...

সম-দ্রিষ্টী নে তৃষ্ণা ত্যাগী পর-স্ত্রী জেনে মাত রে |
জিহ্বা থকী অসত্য না বোলে পর-ধন নব ঝালী হাথ রে | 3 |
বৈশ্ণব জন তো তেনে কহিয়ে জে ...

মোহ-মায়া ব্যাপে নহী জেনে দ্রিঢ় বৈরাগ্য জেনা মন মান রে |
রাম নাম সুন তাল্ী লাগী সকল্ তিরথ তেনা তন মান রে | 4 |
বৈশ্ণব জন তো তেনে কহিয়ে জে ...

বণ-লোভী নে কপট-রহিত ছে কাম-ক্রোধ নিবার্যা রে |
ভণে নরসৈয্যো তেনুন দর্শন কর্তা কুল্ একোতের তারয়া রে | 5 |
বৈশ্ণব জন তো তেনে কহিয়ে জে ...

চিরকুট

নিজের ওপর নিজেরই প্রচন্ড রাগ উঠছে সুহাসের। ডাক্তারের কাছে যাবার কথা ছিল, দু দিন আগেও বার বার করে মনে করে রেখেছিলেন কিন্তু আজ সকালে উঠে বেমালুম ভুলে গেলেন? এখন অ্যাপয়েন্টমেন্ট আবার নতুন করে নিতে হবে।ডাঃ সাক্সেনার বহু দিনের পেশেন্ট সুহাস।এ দেশে আসার পর হঠাৎই একদিন কথা প্রসঙ্গে শৈলেশ এনার নাম উল্লেখ করেছিল বলেছিল "সুহাসদা ডাক্তার যদি দেখাতেই হয় তাহলে আর কোথথাও যেতে হবেনা, ডাঃ সাক্সেনা হল যাকে বলে সাক্ষাৎ ধন্বন্তরি !"তারপর থেকে এই ডাক্তার সাক্সেনার কাছেই যাতায়াত শুরু।পুরানো পেশেন্ট হলে যা হয়, গেলে খানিক ক্ষণ টুকটাক গল্প হয়েই যায়।অ্যাপয়েন্টমেন্ট নিয়ে বাতিল করেছেন এমনটা কখনো হয়েছে বলে মনে পড়ে না তাই একটু বিব্রত লাগছে।'কিন্তু শৈলেশ কে আজ এতদিনপর কি করে মনে পড়ল কে জানে!কথাও বলা হয় নি অনেকদিন, কেমন আছে কে জানে" ,ভাবেন সুহাস।শৈলেশের ফোন নম্বরটা আর খুঁজে পান না।কাগজ পত্র হাটকে হয়রান অবশেষে অধৈর্য হয়ে গিন্নি কে তলব ।

-শৈলেশের নম্বরটা একটু বের করে দাও তো? ডায়েরীটাও তো পাচ্ছিনা, এখানেই তো রেখে ছিলাম!

-কোন শৈলেশ? অমলা বলেন।

-কোন শৈলেশ মানে কি? বিরু কাকার ছেলে! শৈলেশ! শৈলেশ! ভুলে গেলে নাকি?

কিছুক্ষণ অবাক হয়ে তাকিয়ে থাকেন অমলা ।

-শৈলেশ তো পনেরদিন আগেই বলল পরিবার নিয়ে ছুটি কাটাতে দেশে যাচ্ছে ভুলে গেলে?

-বলেছিল? কই কিছুই তো মনে পড়ছে না! শৈলেশ দেশে গেল? অবাক হন সুহাস।

আজকাল প্রায়ই এটা হচ্ছে সুহাসের অমলা মনে করিয়ে না দিলে কোন কিছুরই খেই ঠিক রাখতে পারছেন না।ওষুধপত্র খেতে গোলমাল তো বহুদিন ধরেই হচ্ছে, তাই ডাক্তারের পরামর্শে সব ওষুধ গুলো ভাগে ভাগে না খেয়ে একসঙ্গেই এক মুঠে খেয়ে নিচ্ছেন সেই কবে থেকে! আজও ওষুধের রূপোলী মোড়ক গুলো একটার পর একটা খুলে হাতের মুঠোতে ধরে দেখছিলেন।

-কি দেখছ এত মন দিয়ে? মুখে পুরে নাও না! এই নাও জল!তখন থেকে ওষুধ গুলো হাতেই নিয়ে বসে আছো!

উত্তর আর পাননা সুহাসের থেকে ।

-আজ কি খাবে বলো।ভাবছি লাউটা রেঁধেই নেব কি খাবে ত? অনেকদিন হল ফ্রিজে পড়ে আছে।অমলা আপন মনে বলে চলেন।

-লাউ? এখানে লাউ কোথায় পেলে?

-কি যে বল! এখানে তুমি কোনদিন লাউ খাওনি নাকি? খাবে কিনা বলো, তাহলে রাঁধি!

-জানো অমু,মা লাগিয়েছিলেন লাউ।ঠিক রান্নাঘরের পাশে, তখন তো পাকঘর বলতাম!আপন মনে হেসে ওঠেন সুহাস। খুব সুন্দর লক লক করে লাউয়ের চারাটা বড় হয়ে মাচায় ছড়িয়ে পড়েছিল।আর কদিনের মধ্যেই হয়ত ফুল এসে যেত।কিন্তু গাছের গোড়াটা খুব মন দিয়ে বসে বসে কাটছিল বিভু।ও তখন হয়তো ছয় সাত বছরের হবে।মা দেখতে পেয়ে বিভুকে যা মারটাই না দিলেন! খুব দুরন্ত ছিল বিভুটা।মা ও তখন অল্প বয়েসের বিধবা।ছোট ছোট দুটো ছেলে কে নিয়ে দিশাহারা, আর পাল্লা দিয়ে বিভুর নিত্যদিনের দুষ্টামি!

-বললেনা তো লাউ টা রাঁধব কি? খাবে তো? অমলা শুধান।মানুষটা খেতে বড় ভালোবাসেন কিন্তু একবার দেশের বাড়ির কথা শুরু করলে আর ছাড়ান নেই খানিকটা বাধ্য হয়েই যতি টানেন।

-বুঝলে অমু, আমরা দেশে চলে গেলেই পারতাম।এদেশে থেকে বিদেশ বিভুঁইয়ে একা একা...কারোর সঙ্গে মন খুলে গল্প করতে পারিনা সবাই ব্যস্ত! ওখানে তো অন্তত দুটো নিজের লোক পেতাম তুমিই তো যেতে চাইলেনা!

-সবাই ব্যস্ত তো হবেই, চাকরি বাকরি করছে! আমাদের মত অখন্ড অবসর কার আছে! আজ হঠাৎ পুরানো কাসুন্দি ঘাঁটতে বসলে যে? কোথায় গিয়ে থাকতে শুনি? তুমি ভাবছ পাকাপাকি গেলে তোমার এমনই আদর যত্ন করবে সবাই? কাউকে পাবেনা বুঝলে সব জানা আছে তারপরে তোমার ট্রিটমেন্ট! বাব্বা গত বছর দেশে গিয়ে পিকাই কে নিয়ে কি কান্ডটা হয়েছিল মনে আছে?

-আচ্ছা এতগুলো মানুষ কি করে আছে দেশে? ওরা কি সবাই মরে যাচ্ছে? সবার মত আমরাও অভ্যস্ত হয়ে যেতাম এই যে মাঝে মাঝে যাই কত পরিবর্তন হয়েছে, আগের মত তো আর নাই! বুড়ো বয়সে অন্তত এখানে খেটে খেটে মরতে হতোনা, কাজের মানুষ রেখে একটু স্বস্তিতে কাটাতে পারতাম!

-কুড়ি পঁচিশ বছর ধরে সেই এক কথাই শুনে আসছি! দেশে ফিরে যাই চলো, দেশে ফিরে যাই চলো বলি এই যে মেয়ে দুটোকে চোখের দেখা দেখতে পাই সেটা কি দেশে গেলে সম্ভব?'তেড়েফুঁড়ে ওঠেন অমলা।এই তো বেশ আছি মেয়েদের দেখতে পাচ্ছি চোখের সামনে, আর কি লাগে?দেশে গেলে ওদের দেখতেও তো হা পিত্যেশ করে বসে থাকতে হবে কিন্ত সে কথা তোমাকে কে বোঝাবে!

দুই মেয়ে রিনি ঝিনির বিয়ে হয়ে গেছে অনেকদিন হল, সপ্তাহান্তে পালা করে দুই মেয়েই একবার করে দেখে যায় বাপ মা কে আর দিনের মধ্যে চার পাঁচবার তো কথা হয়েই যায় খুব একটা আফসোস বা অতৃপ্তি অমলার মনে কখনই ছিলনা।সেকথা সুহাস ভালোই জানেন নিজেও তো

বসে থাকেন নাতি নাতনীদের জন্যে! ইদানীং ছোট নাতনী টিয়ার সঙ্গেই বেশ ভাল সময় কাটে।যখনই আসে প্রশ্ন করে করে নাজেহাল করে দেয়। বড় নাতি এখন টিনেজার, তাই মেপে ঝুঁকে কথা বলতে হয়।একটু বড় বড় ভাব এসেছে।দাদুর থেকে দিদার সঙ্গেই বেশি সখ্যতা।অগত্যা খবরের কাগজটা হাতে তুলে নেন সুহাস।আপাতত বিশ্ব সংসারের খবরে মনোনিবেশ করাকেই উত্তম কর্ম বলে মনে হয়।খবরের কাগজ আর বইই এখন সুহাসের সর্বক্ষণের সঙ্গী ।

দেশে গেলে বন্ধুবান্ধবরা বেশির ভাগ বই উপহার দেয়।শখের মধ্যে দেশ বিদেশ ভ্রমণ তো অনেকটাই করেছেন কিন্তু সাত সমুদ্র তেরো নদী ঘুরেও দেশে যাবার মত শান্তি আর কিছুতে পাননা।বন্ধুবান্ধব আত্মীয় স্বজনের সঙ্গে দেখা সাক্ষাৎ করে কদিন কাটিয়ে আবার পরবাসে ফিরে আসতে মন চায় না।কেবলই সুহাসের মনে হতে থাকে শেকড় থেকে বহু দূরে আলগা হয়ে চলে আসা।যুবা বয়সে সেই টান অবজ্ঞা করার শক্তি ছিল, বৃদ্ধ বয়সে এসে সেই পিছুটান সামলাতে পারেন না।কেবলই মনে হতে থাকে আবার দেখা হবে তো?

সেদিন অমলা বইপত্র গোছাতে গিয়ে একটা খাম খুঁজে পেলেন। গতবছরই সুহাসের কলেজের বন্ধু অনাদি নিজের সংগ্রহ থেকে শচীন কর্তার গানের এলবাম অমলার হাতে তুলে দিয়ে বলেছিল বৌদি শুনো কিন্তু ।অমলা তো যারপরনাই খুশি হয়েছিলেন। কিন্তু দেশ থেকে ফিরতে না ফিরতেই দুঃসংবাদ এসেছিল অনাদির।মুখ বন্ধ খামে গানের এলবামটা পড়েই ছিল।বড় মায়া হল আজ এলবামটাকে দেখে।মনে পড়ল অনাদি বাবুকে।

সিডি প্লেয়ার অন করেন অমলা। *"কে যাস রে ভাটি গাং বাইয়া আমার ভাই ধন রে কইয়ো নাইওর নিত বইল্য...* ।"আকাশচুম্বী ফ্ল্যাটের বন্ধ ঘরে আবছা হয়ে আসা দিন গুলো যেন এঘর ওঘর দৌড়ে বেড়ায়।গ্রামের বাড়ির দাওয়ায় দাঁড়িয়ে ঠাকুমা,মানস চক্ষে দেখতে পান সুহাস। মেজদির শ্বশুর বাড়ি থেকে আসার অপেক্ষায়, হাঁক ডাক করে চলেছেন 'নাইওর আইব, নাইওর আইব তোমরা আর দেরী কইর না' ছবি গুলো আসে আর মিলিয়ে যায়।এই আছে, এই নেই।অনাদিটা বড় সরল , সোজা বরাবর ই।ছেলে পুলে নেই, স্ত্রী ও চলে গেলেন।গানের শখ চিরকালের।বাড়িতে যত্র তত্র গানের গানের রেকর্ড, ক্যাসেট।ইদানিং কালের সিডির স্তুপ।শেষের দিকে এতদিনের প্রাণে ধরা সঞ্চয় সবাই কে উপহার দিতে শুরু করল।বিভুতির বাড়িতে সেদিন কি নিয়ে যেন অনাদি, সত্য আর গোপাল খুব তর্কে মজেছিল, কি যেন কি যেন...

-কি গো এখানেই ঘুমিয়ে পড়লে? স্নান খাওয়া দাওয়া কখন করবে? রিনি ঝিনিরা কিন্তু বিকেল বিকেল এসে যাবে।অমলার ডাকে ঘোর ভেঙ্গে যায় সুহাসের।

এই এক নতুন উপসর্গ হয়েছে।অল্পেতেই চোখ লেগে যায়।সপরিবারে কন্যারা আজ আসবে মনে হতেই একটু আনন্দ অনুভব হল।'কিন্তু টিয়া দিদিমণি কি যেন একটা কাজ দিয়ে গিয়েছিল ? মনে পড়ছে না তো?এবার নির্ঘাত টিয়া দিদিমনির বকা খেতে হবে!"আবার মহা সঙ্কটে পড়ে যান সুহাস।

ঠিক তাই হল।বিকেল হতেই হুড়মুড় করে দুই মেয়ে ,জামাই,নাতি নাতনীরা এসে হাজির।ঘরে ঢুকেই দাদুভাই এর কাছে ছুটে চলে আসে টিয়া।কানের কাছে মুখ লাগিয়ে বলে " দাদুভাই তুমি যে বলেছিলে বাঁশীটা খুঁজে আমাকে দেবে, বের করে রেখেছ?" কাঁচুমাচু হয়ে যান সুহাস।' আমি যে একদম ভুলে গেছি দিদিমণি! আজকাল যে আমি সব ভুলে যাই।'অনেক সাহস সঞ্চয় করে বলেন সুহাস।

-ভুলে যাও? পিটপিটিয়ে অবাক হয়ে তাকায় টিয়া।কই আমি তো কিচ্ছু ভুলিনা।তুমি কি করে ভুলে যাও?
